জান্নাতে যেতে হলে প্রধান বাধা হচ্ছে পরকালের হিসেব নিকেশ। সবাইকেই হিসেব দিয়ে জান্নাতে যেতে হবে। অবশ্য যারা জিহাদ করবে এবং শহীদ হবে তাদেরকে আল্লাহ্ বিনা হিসেবে সরাসরি জান্নাতে প্রবেশ করাবেন। এছাড়া সবাইকে হিসেব নিকেশ দিয়ে ভাগ্য ভালো হলে জান্নাতের অনুমতি নিয়ে জান্নাতে যেতে হবে। অন্যথায় দূর্ভোগের সীমা থাকবেনা।

মুজাহিদের জন্য আল্লাহ্র জিম্মাদারী

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : تَضَمَّنَ اللّٰهُ تَعَالٰى لِمَنْ خَرَجَ فِىْ سَبِيْلِ اللّٰهِ لَا يُخْرِجُهُ اِلَّا جِهَادٌ فِىْ سَبِيْلِىْ وَاِيْمَانٌ بِىْ وَتَصْدِيْقٌ بِرُسُلِىْ فَهُوَ عَلَىَّ ضَامِنٌ اَنْ اُدْخِلَهُ الْجَنَّةَ اَوْ اَرْجِعَهُ اِلٰى مَسْكَنِهِ الَّذِىْ خَرَجَ مِنْهُ نَائِلاً مَّا نَالَ مِنْ اَجْرٍ اَوْ غَنِيْمَةٍ وَالَّذِىْ نَفْسُ مُّحَمَّدٍ بِيَدِهٖ مَا مِنْ كَلْمٍ يُكْلَمُ فِىْ سَبِيْلِ اللّٰهِ اِلَّا جَاءَ يَوْمَ الْقِيَامَةِ كَهَيْئَتِهٖ يَوْمَ كُلِمَ لَوْنُهٗ لَوْنُ دَمٍ وَرِيْحُهٗ رِيْحُ مِسْكٍ - وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَوْ لَا اَنْ اَشُقَّ عَلَى الْمُسْلِمِيْنَ مَا قَعَدْتُّ خِلَافَ سَرِيَّةٍ تَغْزُوْ فِىْ سَبِيْلِ اللّٰهِ عَزَّ وَجَلَّ اَبَدًا - وَلٰكِنْ لَا اَجِدُ سَعَةً فَاَحْمِلُهُمْ وَلَا يَجِدُوْنَ سَعَةً فَيَتَّبِعُوْنِىْ وَيَشُقُّ عَلَيْهِمْ اَنْ يَّتَخَلَّفُوْا عَنِّىْ - وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَوَدِدْتُّ اِنِّىْ اَغْزُوْ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَاُقْتَلُ ثُمَّ اَغْزُوْ فَاُقْتَلُ - ثُمَّ اَغْزُوْ فَاُقْتَلُ -

www.pathagar.com

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ এতটুকু সময়ও যদি কেউ আল্লাহ্র পথে জিহাদ করে যতটুকু সময় একটি উটনী দোহন করতে লাগে, তার জন্য জান্নাত ওয়াজিব। তবে শর্ত হচ্ছে জিহাদ শুধুমাত্র আল্লাহ্র কালিমাকে বুলন্দ করার জন্যই হতে হবে। (তিরমিযি)

জান্নাতে যেতে হলে প্রধান বাধা হচ্ছে পরকালের হিসেব নিকেশ। সবাইকেই হিসেব দিয়ে জান্নাতে যেতে হবে। অবশ্য যারা জিহাদ করবে এবং শহীদ হবে তাদেরকে আল্লাহ্ বিনা হিসেবে সরাসরি জান্নাতে প্রবেশ করাবেন। এছাড়া সবাইকে হিসেব নিকেশ দিয়ে ভাগ্য ভালো হলে জান্নাতের অনুমতি নিয়ে জান্নাতে যেতে হবে। অন্যথায় দূর্ভোগের সীমা থাকবেনা।

মুজাহিদের জন্য আল্লাহ্র জিম্মাদারী

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ :
تَضَمَّنَ اللّٰهُ تَعَالٰى لِمَنْ خَرَجَ فِىْ سَبِيْلِ اللّٰهِ لَا يُخْرِجُهُ اِلَّا
جِهَادٌ فِىْ سَبِيْلِىْ وَاِيْمَانٌ بِىْ وَتَصْدِيْقٌ بِرُسُلِىْ فَهُوَ عَلَىَّ
ضَامِنٌ اَنْ اُدْخِلَهُ الْجَنَّةَ اَوْ اَرْجِعَهُ اِلٰى مَسْكَنِهِ الَّذِىْ خَرَجَ مِنْهُ
نَائِلًا مَّا نَالَ مِنْ اَجْرٍ اَوْ غَنِيْمَةٍ وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ مَا مِنْ
كَلْمٍ يُكْلَمُ فِىْ سَبِيْلِ اللّٰهِ اِلَّا جَاۤءَ يَوْمَ الْقِيَامَةِ كَهَيْئَتِهٖ يَوْمَ كُلِمَ
لَوْنُهُ لَوْنُ دَمٍ وَرِيْحُهُ رِيْحُ مِسْكٍ - وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَوْ لَا
اَنْ اَشُقَّ عَلَى الْمُسْلِمِيْنَ مَا قَعَدْتُّ خِلَافَ سَرِيَّةٍ تَغْزُوْ فِىْ سَبِيْلِ
اللّٰهِ عَزَّ وَجَلَّ اَبَدًا - وَلٰكِنْ لَا اَجِدُ سَعَةً فَاَحْمِلَهُمْ وَلَا يَجِدُوْنَ
سَعَةً فَيَتَّبِعُوْنِىْ وَيَشُقُّ عَلَيْهِمْ اَنْ يَتَخَلَّفُوْا عَنِّىْ - وَالَّذِىْ
نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَوَدِدْتُّ اَنِّىْ اَغْزُوْ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَاُقْتَلُ ثُمَّ
اَغْزُوْ فَاُقْتَلُ - ثُمَّ اَغْزُوْ فَاُقْتَلُ -

www.pathagar.com

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ মহান আল্লাহ বলেন ঃ যে ব্যক্তি আমার পথে এজন্য বের হয় যে, সত্যিকার অর্থেই সে আমার রাস্তায় জিহাদ করবে এবং আমার উপর বিশ্বাস রাখে ও আমার রাসূলের সত্যতা স্বীকার করে, তার জিম্মদারী আমার উপর। হয় আমি তাকে জান্নাতে পৌঁছাবো না হয় আমি তাকে বিনিময় ও গণীমতসহ তার আবাসস্থলে (গাজী হিসেবে) পৌঁছে দেবো। ঐ সত্তার শপথ যার হাতে মুহাম্মদের প্রাণ! আল্লাহ্‌র রাস্তায় জিহাদ করতে গিয়ে যে আহত হবে সে কিয়ামতের দিন এমন অবস্থায় আল্লাহ্‌র দরবারে হাজির হবে যে, তার আহত স্থান থেকে টপটপ করে রক্ত ঝরবে কিন্তু সে রক্তের ঘ্রাণ হবে মিস্‌কের ঘ্রাণের ন্যায়। ঐ সত্তার কসম যার হাতে মুহাম্মাদের জীবন! যদি আমার উম্মতের জন্য কষ্টকর না হতো তবে আমি আল্লাহ্‌র পথে জিহাদকারী সৈন্য থেকে পেছনে বসে থাকতাম না। আমিও তাদের জন্য সমরোপকরণ সরবরাহ করতে পারিনা আবার তারাও সামর্থ্যের অভাবে আমার সাথে শরীক হতে পারেনা। আমার সাথে শরীক হতে না পারায় তাদেরও কষ্ট হয়। ঐ জাতে পাকের কসম যার হাতের মুঠিতে মুহাম্মদের জীবন! আমার ইচ্ছে হয় আমি আল্লাহ্‌র পথে জিহাদ করি এবং শহীদ হই, আবার জিহাদ করি এবং শহীদ হই, আবার জিহাদ করি এবং শহীদ হই।

(বুখারী, মুসলিম, আবুদাউদ, নাসাঈ)

সামষ্টিক ইবাদাত

عَنْ أَبِىْ هُرَيْرَةَ قَالَ: قِيْلَ يَارَسُوْلَ اللّٰهِ مَايَعْدِلُ الْجِهَادِ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؟ قَالَ لَاتَسْتَطِيْعُوْنَهُ فَاعَادُوْا عَلَيْهِ مَرَّتَيْنِ اَوْ ثَلَاثًا كُلُّ ذَالِكَ يَقُوْلُ لَاتَسْتَطِيْعُوْنَهُ - ثُمَّ قَالَ: مَثَلُ الْمُجَاهِدِ فِىْ سَبِيْلِ اللّٰهِ كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ الْقَانِتِ بِاٰيٰتِ اللّٰهِ لَايَفْتُرُ مِنْ صِيَامٍ وَلَاصَلٰوةٍ حَتّٰى يَرْجِعَ الْمُجَاهِدُ-

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেছেন ঃ রাসূল (সা) কে জিজ্ঞেস করা হলো ঃ ইয়া রাসূলাল্লাহ্‌! জিহাদের সমতুল্য কি কোন ইবাদাত নেই? তিনি

www.pathagar.com

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ মহান আল্লাহ বলেন ঃ যে ব্যক্তি আমার পথে এজন্য বের হয় যে, সত্যিকার অর্থেই সে আমার রাস্তায় জিহাদ করবে এবং আমার উপর বিশ্বাস রাখে ও আমার রাসূলের সত্যতা স্বীকার করে, তার জিম্মদারী আমার উপর। হয় আমি তাকে জান্নাতে পৌছাবো না হয় আমি তাকে বিনিময় ও গণীমতসহ তার আবাসস্থলে (গাজী হিসেবে) পৌছে দেবো। ঐ সত্তার শপথ যার হাতে মুহাম্মদের প্রাণ! আল্লাহ্‌র রাস্তায় জিহাদ করতে গিয়ে যে আহত হবে সে কিয়ামতের দিন এমন অবস্থায় আল্লাহ্‌র দরবারে হাজির হবে যে, তার আহত স্থান থেকে টপটপ করে রক্ত ঝরবে কিন্তু সে রক্তের ঘ্রাণ হবে মিস্‌কের ঘ্রাণের ন্যায়। ঐ সত্তার কসম যার হাতে মুহাম্মাদের জীবন! যদি আমার উম্মতের জন্য কষ্টকর না হতো তবে আমি আল্লাহ্‌র পথে জিহাদকারী সৈন্য থেকে পেছনে বসে থাকতাম না। আমিও তাদের জন্য সমরোপকরণ সরবরাহ করতে পারিনা আবার তারাও সামর্থ্যের অভাবে আমার সাথে শরীক হতে পারেনা। আমার সাথে শরীক হতে না পারায় তাদেরও কষ্ট হয়। ঐ জাতে পাকের কসম যার হাতের মুঠিতে মুহাম্মদের জীবন! আমার ইচ্ছে হয় আমি আল্লাহ্‌র পথে জিহাদ করি এবং শহীদ হই, আবার জিহাদ করি এবং শহীদ হই, আবার জিহাদ করি এবং শহীদ হই।

(বুখারী, মুসলিম, আবুদাউদ, নাসাঈ)

সামষ্টিক ইবাদাত

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ: قِيْلَ يَارَسُوْلَ اللّٰهِ مَايَعْدِلُ الْجِهَادِ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؟ قَالَ لَاتَسْتَطِيْعُوْنَهُ فَاعَادُوْا عَلَيْهِ مَرَّتَيْنِ اَوْ ثَلَاثًا كُلُّ ذَالِكَ يَقُوْلُ لَاتَسْتَطِيْعُوْنَهُ - ثُمَّ قَالَ: مَثَلُ الْمُجَاهِدِ فِىْ سَبِيْلِ اللّٰهِ كَمَثَلِ الصَّائِمِ الْقَائِمِ الْقَانِتِ بِاٰيٰتِ اللّٰهِ لَايَفْتُرُ مِنْ صِيَامٍ وَلَاصَلٰوةٍ حَتّٰى يَرْجِعَ الْمُجَاهِدُ-

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেছেন ঃ রাসূল (সা) কে জিজ্ঞেস করা হলো ঃ ইয়া রাসূলাল্লাহ্! জিহাদের সমতুল্য কি কোন ইবাদাত নেই? তিনি

www.pathagar.com

বললেন ঃ সে কাজতো তোমরা করতে সক্ষম হবে না। প্রশ্নকারী দু'তিনবার একই কথা জিজ্ঞেস করলেন। জবাবে রাসূলে আকরাম (সা) বললেন ঃ তা তোমরা করতে সক্ষম হবে না। তারপর বললেনঃ আল্লাহ্‌র পথে জিহাদকারীর তুলনা হচ্ছে কোন ব্যক্তি (মুজাহিদ ব্যক্তি বের হওয়ার সাথে সাথে) অবিরাম নামায, রোযা ও কুরআন তিলাওয়াতে লিপ্ত থাকবে, একটি মহূর্তের জন্যও বিরত হবেনা যতক্ষণ না মুজাহিদ ব্যক্তি প্রত্যাবর্তন করে।

(বুখারী, মুসলিম, তিরমিযি, নাসাঈ, ইবনে মাজা)

এটি কোন মানুষের দ্বারাই সম্ভব নয় যে, একাধারে একমাস অথবা দু'মাস অবিচ্ছিন্নভাবে নামায, রোযা ও কুরআন তিলাওয়াতে লিপ্ত থাকবে। এটি মানুষের সামর্থের বাইরে। তবে যে ব্যক্তি জিহাদে বের হবে এবং জিহাদরত থাকবে তার আমলের ধারা এমনিভাবে অবিচ্ছিন্ন থাকবে এবং সমস্ত ইবাদাতের সমতুল্য সওয়াব তার আমলনামায় লিখা হতে থাকবে যতক্ষণ না সে জিহাদ থেকে প্রত্যাবর্তন করবে।

আল্লাহ্‌র পথের ধুলো

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لاَيَجْتَمِعُ كَافِرٌ وَقَاتِلُهٗ فِى النَّارِ اَبَدًا - وَلاَيَجْتَمِعُ فِىْ جَوْفِ عَبْدٍ غُبَارٌ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَفَيْحُ جَهَنَّمَ -

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ কাফির এবং তার হত্যাকারী (মুসলিম মুজাহিদ) কখনো জাহান্নামে একত্রিত হবে না। তেমনিভাবে আল্লাহ্‌র পথের ধুলো ও জাহান্নামের ধূয়াও একত্রিত হবে না।

(মুসলিম, আবু দাউদ,. নাসাঈ)

عَنْ اَبِىْ عَبْسٍ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ جُبَيْرٍ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَا اغْبَرَّتْ قَدَمَا عَبْدٍ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَتَمَسَّهُ النَّارِ -

বললেন ঃ সে কাজতো তোমরা করতে সক্ষম হবে না। প্রশ্নকারী দু'তিনবার একই কথা জিজ্ঞেস করলেন। জবাবে রাসূলে আকরাম (সা) বললেন ঃ তা তোমরা করতে সক্ষম হবে না। তারপর বললেনঃ আল্লাহ্‌র পথে জিহাদকারীর তুলনা হচ্ছে কোন ব্যক্তি (মুজাহিদ ব্যক্তি বের হওয়ার সাথে সাথে) অবিরাম নামায, রোযা ও কুরআন তিলাওয়াতে লিপ্ত থাকবে, একটি মহূর্তের জন্যও বিরত হবেনা যতক্ষণ না মুজাহিদ ব্যক্তি প্রত্যাবর্তন করে।

(বুখারী, মুসলিম, তিরমিযি, নাসাঈ, ইবনে মাজা)

এটি কোন মানুষের দ্বারাই সম্ভব নয় যে, একাধারে একমাস অথবা দু'মাস অবিচ্ছিন্নভাবে নামায, রোযা ও কুরআন তিলাওয়াতে লিপ্ত থাকবে। এটি মানুষের সামর্থের বাইরে। তবে যে ব্যক্তি জিহাদে বের হবে এবং জিহাদরত থাকবে তার আমলের ধারা এমনিভাবে অবিচ্ছিন্ন থাকবে এবং সমস্ত ইবাদাতের সমতুল্য সওয়াব তার আমলনামায় লিখা হতে থাকবে যতক্ষণ না সে জিহাদ থেকে প্রত্যাবর্তন করবে।

আল্লাহ্‌র পথের ধুলো

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَايَجْتَمِعُ كَافِرٌ وَقَاتِلُهُ فِى النَّارِ اَبَدًا - وَلَايَجْتَمِعُ فِىْ جَوْفِ عَبْدٍ غُبَارٌ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَفَيْحُ جَهَنَّمَ -

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ কাফির এবং তার হত্যাকারী (মুসলিম মুজাহিদ) কখনো জাহান্নামে একত্রিত হবে না। তেমনিভাবে আল্লাহ্‌র পথের ধুলো ও জাহান্নামের ধূয়াও একত্রিত হবে না।

(মুসলিম, আবু দাউদ,. নাসাঈ)

عَنْ اَبِىْ عَبْسٍ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ جُبَيْرٍ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَا اغْبَرَّتْ قَدَمَا عَبْدٍ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَتَمَسَّهُ النَّارُ -

www.pathagar.com

হযরত আবু আবস আবদুর রহমান বিন জুবাইর (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ যে বান্দার দু'পা আল্লাহ্ পথে ধুলো ধূসরিত হবে, জাহান্নামের আগুন তার ঐ পা দুটোকে স্পর্শ করবে না। (বুখারী)

যে ব্যক্তি কাফির, তাগুতী শক্তিকে প্রতিষ্ঠিত করার জন্য লড়াই করে এবং যে মুমিন আল্লাহ্র দীনকে বিজয়ী করার জন্য লড়াই করে, উভয়েই লড়াই করে কিন্তু দুজনের মর্যাদা এক নয়। কাফিরের জন্য অনন্তকালের জাহান্নাম এবং মুমিনের জন্য চিরস্থায়ী নিয়ামতসমূহ। আবার যে ভাগ্যবানের বুকের ফুসফুসে কিংবা পায়ে আল্লাহ্র পথের ধুলো প্রবেশ করেছে তা কখনো জাহান্নামে প্রবেশ করবে না । তবে যে মুজাহিদ আল্লাহ্র পথের এ মাহাত্ম্য ও মর্যাদা লাভ করার পর কোন কবিরা গুনাহ্য় লিপ্ত হয় তার কথা স্বতন্ত্র।

জিহাদ ও রাসূল (সা) এর সাহচর্য

عَنْ سَهْلٍ عَنْ اَبِيْهِ عَنْ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ اَمَرَ اَصْحَابَهُ بِالْغَزْوِ وَاَنَّ رَجُلاً تَخَلَّفَ وَقَالَ لِاَهْلِهِ اَتَخَلَّفُ حَتّٰى اُصَلِّىَ مَعَ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ ثُمَّ اُسَلِّمُ عَلَيْهِ وَاُوَدِّعُهُ فَيَدْعُوْلِىْ بِدَعْوَةٍ تَكُوْنُ شَافِعَةً يَوْمَ الْقِيَامَةِ - فَلَمَّا صَلَّى النَّبِىُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَقْبَلَ الرَّجُلُ مُسَلِّمًا عَلَيْهِ فَقَالَ لَهُ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اَتَدْرِىْ بِكَمْ سَبَقَكَ اَصْحَابُكَ ؟ قَالَ : نَعَمْ - سَبَقُوْنِىْ بِغَدْوَتِهِمْ فَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَقَدْ سَبَقُوْكَ بِاَبْعَدَ مَابَيْنَ الْمَشْرِقَيْنِ وَالْمَغْرِبَيْنِ -

হযরত সাহ্ল তাঁর পিতা এবং তিনি রাসূল (সা) থেকে বর্ণনা করেছেন। একবার নবী করীম (সা) একদল সাহাবীকে কোন অভিযানে পাঠালেন। কিন্তু

www.pathagar.com

হযরত আবু আবস আবদুর রহমান বিন জুবাইর (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ যে বান্দার দু'পা আল্লাহ্ পথে ধুলো ধূসরিত হবে, জাহান্নামের আগুন তার ঐ পা দুটোকে স্পর্শ করবে না। (বুখারী)

যে ব্যক্তি কাফির, তাগুতী শক্তিকে প্রতিষ্ঠিত করার জন্য লড়াই করে এবং যে মুমিন আল্লাহ্র দীনকে বিজয়ী করার জন্য লড়াই করে, উভয়েই লড়াই করে কিন্তু দুজনের মর্যাদা এক নয়। কাফিরের জন্য অনন্তকালের জাহান্নাম এবং মুমিনের জন্য চিরস্থায়ী নিয়ামতসমূহ। আবার যে ভাগ্যবানের বুকের ফুসফুসে কিংবা পায়ে আল্লাহ্র পথের ধুলো প্রবেশ করেছে তা কখনো জাহান্নামে প্রবেশ করবে না । তবে যে মুজাহিদ আল্লাহ্র পথের এ মাহাত্ম্য ও মর্যাদা লাভ করার পর কোন কবিরা গুনাহ্য় লিপ্ত হয় তার কথা স্বতন্ত্র।

জিহাদ ও রাসূল (সা) এর সাহচর্য

عَنْ سَهْلٍ عَنْ اَبِيْهِ عَنْ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ اَمَرَ اَصْحَابَهُ بِالْغَزْوِ وَاَنَّ رَجُلًا تَخَلَّفَ وَقَالَ لِاَهْلِهِ اَتَخَلَّفُ حَتّٰى اُصَلِّيَ مَعَ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ ثُمَّ اُسَلِّمُ عَلَيْهِ وَاُوَدِّعُهُ فَيَدْعُوْلِيْ بِدَعْوَةٍ تَكُوْنُ شَافِعَةً يَوْمَ الْقِيَامَةِ - فَلَمَّا صَلَّى النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَقْبَلَ الرَّجُلُ مُسَلِّمًا عَلَيْهِ فَقَالَ لَهُ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اَتَدْرِيْ بِكُمْ سَبَقَكَ اَصْحَابُكَ ؟ قَالَ : نَعَمْ - سَبَقُوْنِيْ بِغَدْوَتِهِمْ فَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِيْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَقَدْ سَبَقُوْكَ بِاَبْعَدَ مَا بَيْنَ الْمَشْرِقَيْنِ وَالْمَغْرِبَيْنِ -

হযরত সাহ্ল তাঁর পিতা এবং তিনি রাসূল (সা) থেকে বর্ণনা করেছেন। একবার নবী করীম (সা) একদল সাহাবীকে কোন অভিযানে পাঠালেন। কিন্তু

www.pathagar.com

এক ব্যক্তি তাঁর সঙ্গীসাথী হতে পিছনে রয়ে গেলো। সে পরিবারের লোকদেরকে বললো ঃ আমি রাসূল (সা) এর পেছনে যোহর নামায পড়ে দু'আ খায়ের নিয়ে তাদের সাথে মিলিত হবো। যাতে কিয়ামতের দিন তাঁর শাফায়াতের কারণ হয়। অতঃপর সে রাসূল (সা) এর পেছনে নামায আদায় করলো এবং তাঁর সামনে গিয়ে সালাম দিলো। রাসূল (সা) তাকে দেখে জিজ্ঞেস করলেনঃ তুমি কি জানো তোমার সঙ্গীরা কতটুকু আগে বেরিয়ে গিয়েছে? সে বললো ঃ জ্বি হাঁ, তারা সকালে রওয়ানা হয়েছে (অর্থাৎ তারা আমার চেয়ে এক সকাল আগে আছে) শোনে রাসূলুল্লাহ্ (সা) বললেন ঃ ঐ সত্তার কসম যার হাতে মুহাম্মদের প্রাণ! তারা তোমার চেয়ে (সওয়াবের দিকে) পূর্ব ও পশ্চিমের মধ্যবর্তী দূরত্বের চেয়ে ও এগিয়ে গিয়েছে। (মুসনাদে আহমদ)

আল্লাহ্র রাসূলের (সা) সাহচর্যে কিছু মহূর্ত অতিবাহিত করা, তাঁর ইমামতিতে নামায পড়া, তাঁর খেদমতে কোন আরজ করার সুযোগ লাভ করা নিঃসন্দেহে সৌভাগ্যের কাজ কিন্তু নবী করীম (সা) এর কথানুযায়ী বুঝা যায় এসব কিছুর চেয়েও জিহাদে বের হওয়া সওয়াবের দিক দিয়ে আসমান ও জমিনের পার্থক্যের চেয়েও বেশী।

জান্নাত তরবারীর ছায়াতলে

عَنْ اَبِیْ بَكْرِبْنِ اَبِیْ مُوْسَی الْاَشْعَرِیْ قَالَ : سَمِعْتُ اَبِیْ وَهُوَ بِحَضْرَةِ الْعَدُوِّ يَقُوْلُ : قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اِنَّ اَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلَالِ السُّيُوْفِ - فَقَامَ رَجُلٌ رَثُّ الْهَيْئَةِ - فَقَالَ : يَا اَبَا مُوْسٰى اَاَنْتَ سَمِعْتَ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ هٰذَا ؟ قَالَ : نَعَمْ - فَرَجَعَ اِلٰى اَصْحَابِهٖ - فَقَالَ - اِقْرَأُ عَلَيْكُمُ السَّلَامَ - ثُمَّ كَسَرَ جَفْنَ سَيْفِهٖ فَاَلْقَاهُ - ثُمَّ مَشٰى بِسَيْفِهٖ اِلَى الْعَدُوِّ فَضَرَبَ بِهٖ حَتّٰى قُتِلَ -

এক ব্যক্তি তাঁর সঙ্গীসাথী হতে পিছনে রয়ে গেলো। সে পরিবারের লোকদেরকে বললোঃ আমি রাসূল (সা) এর পেছনে যোহর নামায পড়ে দু'আ খায়ের নিয়ে তাদের সাথে মিলিত হবো। যাতে কিয়ামতের দিন তাঁর শাফায়াতের কারণ হয়। অতঃপর সে রাসূল (সা) এর পেছনে নামায আদায় করলো এবং তাঁর সামনে গিয়ে সালাম দিলো। রাসূল (সা) তাকে দেখে জিজ্ঞেস করলেনঃ তুমি কি জানো তোমার সঙ্গীরা কতটুকু আগে বেরিয়ে গিয়েছে? সে বললোঃ জ্বি হাঁ, তারা সকালে রওয়ানা হয়েছে (অর্থাৎ তারা আমার চেয়ে এক সকাল আগে আছে) শোনে রাসূলুল্লাহ্ (সা) বললেনঃ ঐ সত্তার কসম যার হাতে মুহাম্মদের প্রাণ! তারা তোমার চেয়ে (সওয়াবের দিকে) পূর্ব ও পশ্চিমের মধ্যবর্তী দূরত্বের চেয়ে ও এগিয়ে গিয়েছে। (মুসনাদে আহমদ)

আল্লাহ্‌র রাসূলের (সা) সাহচর্যে কিছু মহূর্ত অতিবাহিত করা, তাঁর ইমামতিতে নামায পড়া, তাঁর খেদমতে কোন আরজ করার সুযোগ লাভ করা নিঃসন্দেহে সৌভাগ্যের কাজ কিন্তু নবী করীম (সা) এর কথানুযায়ী বুঝা যায় এসব কিছুর চেয়েও জিহাদে বের হওয়া সওয়াবের দিক দিয়ে আসমান ও জমিনের পার্থক্যের চেয়েও বেশী।

জান্নাত তরবারীর ছায়াতলে

عَنْ اَبِىْ بَكْرِبْنِ اَبِىْ مُوْسَى الْاَشْعَرِىْ قَالَ : سَمِعْتُ اَبِىْ وَهُوَ بِحَضْرَةِ الْعَدُوِّ يَقُوْلُ : قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اِنَّ اَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلَالِ السُّيُوْفِ - فَقَامَ رَجُلٌ رَثُّ الْهَيْئَةِ - فَقَالَ : يَا اَبَا مُوْسٰى اَاَنْتَ سَمِعْتَ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ هٰذَا ؟ قَالَ : نَعَمْ - فَرَجَعَ اِلٰى اَصْحَابِهٖ - فَقَالَ - اِقْرَأُ عَلَيْكُمُ السَّلَامَ - ثُمَّ كَسَرَ جَفْنَ سَيْفِهٖ فَاَلْقَاهُ - ثُمَّ مَشٰى بِسَيْفِهٖ اِلَى الْعَدُوِّ فَضَرَبَ بِهٖ حَتّٰى قُتِلَ -

www.pathagar.com

হযরত আবু মূসা আশয়ারী (রা) এর ছেলে আবু বকর (রা) বর্ণনা করেছেন। একবার আমার পিতা দুশমনের পশ্চাৎধাবন করতে গিয়ে নবী করীম (সা) কে বলতে শুনেছেন জান্নাতের দ্বারসমূহ তরবারীর ছায়াতলে। তখন জীর্ণ বস্ত্র পরিহিত এক ব্যক্তি দাঁড়িয়ে বললো ঃ হে আবু মূসা আপনি কি স্বয়ং রাসূলুল্লাহ্ (সা) কে একথা বলতে শুনেছেন? তিনি বললেন ঃ হাঁ। অতপর লোকটি উঠে তার সাথীদের নিকট গিয়ে সালাম দিলো এবং তার তরবারীর খাপ খুলে মাটিতে ফেলে দিয়ে নগ্ন তরবারী হাতে শত্রুবুহ্যে ঢুকে পড়লো এবং যুদ্ধ করতে করতে শাহাদাত বরণ করলো। (মুসলিম)

'জান্নাত তরবারীর ছায়াতলে' এটি নবী করীম (সা) এর এক দীর্ঘ হাদীসের অংশ বিশেষ। ঘটনাটি ঘটেছিলো আহযাব যুদ্ধের পর এক অভিযানে। মুজাহিদদেরকে লক্ষ্য করে বলেছিলেন ঃ 'শত্রুর মোকাবেলা করার কামনা করোনা তবে যদি মুকাবেলা হয়েই যায় তবে দৃঢ়তা প্রদর্শন করবে। জেনে রাখো জান্নাত তরবারীর ছায়াতলে। ইমাম কুরতুবী লিখেছেন ঃ 'এ ছোট কথাটির মাহাত্ম্য ও তাৎপর্য সমুদ্রতুল্য। যা জিহাদের জন্য অনুপ্রাণিত করে এবং তার জন্য আকর্ষণীয় পুরস্কারের কথাও বলে দেয়। মুকাবেলা করার জন্য দুশমনের এতটুকু কাছে চলে যাওয়া যাতে দুজনের তলোয়ারে সংঘর্ষ হয় এবং তার ছায়া মুজাহিদের শরীরে পতিত হয়। ইমাম ইবনে জাওযায়ী বলেন ঃ 'এ কথার তাৎপর্য হচ্ছে জিহাদের মাধ্যমেই জান্নাত অর্জন করতে হবে।'

আল্লাহ্র প্রিয়তম আমল

عَنْ عَبْدِ اللّٰهِ ابْنِ مَسْعُوْدٍ قَالَ : قُلْتُ يَا رَسُوْلَ اللّٰهِ اَیُّ الْعَمَلِ اَحَبُّ اِلَی اللّٰهِ تَعَالٰی ؟ قَالَ : اَلصَّلٰوةُ عَلٰی وَقْتِهَا - قُلْتُ ثُمَّ اَیٌّ ؟ قَالَ : بِرُّ الْوَالِدَیْنِ - قُلْتُ ثُمَّ اَیٌّ ؟ قَالَ : اَلْجِهَادُ فِیْ سَبِیْلِ اللّٰهِ -

হযরত আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রা) বর্ণনা করেছেন ঃ আমি রাসূলুল্লাহ্ (সা) কে জিজ্ঞেস করলাম, কোন আমলটি আল্লাহ্ বেশী পছন্দ করেন? তিনি

www.pathagar.com

হযরত আবু মূসা আশয়ারী (রা) এর ছেলে আবু বকর (রা) বর্ণনা করেছেন। একবার আমার পিতা দুশমনের পশ্চাৎধাবন করতে গিয়ে নবী করীম (সা) কে বলতে শুনেছেন জান্নাতের দ্বারসমূহ তরবারীর ছায়াতলে। তখন জীর্ণ বস্ত্র পরিহিত এক ব্যক্তি দাঁড়িয়ে বললো ঃ হে আবু মূসা আপনি কি স্বয়ং রাসূলুল্লাহ্ (সা) কে একথা বলতে শুনেছেন? তিনি বললেন ঃ হাঁ। অতপর লোকটি উঠে তার সাথীদের নিকট গিয়ে সালাম দিলো এবং তার তরবারীর খাপ খুলে মাটিতে ফেলে দিয়ে নগ্ন তরবারী হাতে শত্রুবুহ্যে ঢুকে পড়লো এবং যুদ্ধ করতে করতে শাহাদাত বরণ করলো। (মুসলিম)

'জান্নাত তরবারীর ছায়াতলে' এটি নবী করীম (সা) এর এক দীর্ঘ হাদীসের অংশ বিশেষ। ঘটনাটি ঘটেছিলো আহযাব যুদ্ধের পর এক অভিযানে। মুজাহিদদেরকে লক্ষ্য করে বলেছিলেন ঃ 'শত্রুর মোকাবেলা করার কামনা করোনা তবে যদি মুকাবেলা হয়েই যায় তবে দৃঢ়তা প্রদর্শন করবে। জেনে রাখো জান্নাত তরবারীর ছায়াতলে। ইমাম কুরতুবী লিখেছেন ঃ 'এ ছোট কথাটির মাহাত্ম্য ও তাৎপর্য সমুদ্রতুল্য। যা জিহাদের জন্য অনুপ্রাণিত করে এবং তার জন্য আকর্ষণীয় পুরস্কারের কথাও বলে দেয়। মুকাবেলা করার জন্য দুশমনের এতটুকু কাছে চলে যাওয়া যাতে দুজনের তলোয়ারে সংঘর্ষ হয় এবং তার ছায়া মুজাহিদের শরীরে পতিত হয়। ইমাম ইবনে জাওযায়ী বলেন ঃ 'এ কথার তাৎপর্য হচ্ছে জিহাদের মাধ্যমেই জান্নাত অর্জন করতে হবে।'

আল্লাহ্র প্রিয়তম আমল

عَنْ عَبْدِ اللّٰهِ ابْنِ مَسْعُوْدٍ قَالَ : قُلْتُ يَا رَسُوْلَ اللّٰهِ اَیُّ الْعَمَلِ اَحَبُّ اِلَى اللّٰهِ تَعَالٰى ؟ قَالَ : اَلصَّلٰوةُ عَلٰى وَقْتِهَا - قُلْتُ ثُمَّ اَیٌّ ؟ قَالَ : بِرُّ الْوَالِدَيْنِ - قُلْتُ ثُمَّ اَیٌّ ؟ قَالَ : اَلْجِهَادُ فِىْ سَبِيْلِ اللّٰهِ -

হযরত আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রা) বর্ণনা করেছেন ঃ আমি রাসূলুল্লাহ্ (সা) কে জিজ্ঞেস করলাম, কোন আমলটি আল্লাহ্ বেশী পছন্দ করেন? তিনি

www.pathagar.com

বললেন ঃ ওয়াক্তমতো নামায আদায় করা। আমি বললাম ঃ তারপর কোনটি? তিনি বললেন ঃ পিতামাতার অবাধ্য না হওয়া। আমি বললাম ঃ তারপর কোনটি? তিনি বললেন ঃ আল্লাহ্র পথে জিহাদ। (বুখারী, মুসলিম)

সমাজ সংস্কারের প্রথম পদক্ষেপ হচ্ছে নামাযের মাধ্যমে ব্যক্তি চরিত্র সংশোধন। তারপর পরিবারের সাথে সুসম্পর্ক স্থাপন করে আদর্শ সমাজ নির্মাণের ভিতকে মজবুত করা। এবং তৃতীয় পর্যায়ে সমাজ থেকে ফিতনা ফাসাদ নির্মূল করে আদর্শ সমাজ কায়েম করা। ব্যক্তি চরিত্র সংশোধন হয় নামাযের মাধ্যমে এবং পরিবাররের শৃঙ্খলা বজায় থাকে পিতামাতার সাথে সদাচারণ। আর পৃথিবী থেকে ফিতনা নির্মূলের উপায় হচ্ছে জিহাদ। হযরত আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রা) ছিলেন একজন উচ্চ স্তরের ফকীহ। গোটা জীবন তিনি দাওয়াত, সংশোধন, প্রশিক্ষণ ও আত্মার পবিত্রতার পেছনে কাজ করেছেন, যখন তিনি মাহ্বুবে খোদা রাসূল (সা) এর নিকট আল্লাহ্র প্রিয় আমল সম্পর্কে জিজ্ঞেস করলেন, তখন তিনি আল্লাহ্র প্রিয় পাত্র হওয়ার পর্যায়ক্রমিক আমলের বর্ণনা দিলেন। এসব ক'টি আমলই অত্যন্ত গুরুত্বপূর্ণ।

عَنْ اَبِىْ ذَرٍّ قَالَ : قُلْتُ يَارَسُوْلَ اللّٰهِ اَىُّ الْعَمَلِ اَفْضَلُ ؟
قَالَ اَلْاِيْمَانُ بِاللّٰهِ وَالْجِهَادُ فِىْ سَبِيْلِه -

হযরত আবুযর গিফারী (রা) বর্ণনা করেছেন, আমি জিজ্ঞেস করলাম ঃ হে আল্লাহ্র রাসূল! কোন আমল উত্তম? তিনি বললেন ঃ আল্লাহ্র প্রতি আস্থা এবং তাঁর পথে জিহাদ। (বুখারী, মুসলিম)

এ হাদীসে আল্লাহ্র প্রতি ঈমান বলতে শুধু আকাইদের ব্যাপারটা বুঝানো হয়নি বরং নামায কায়েম সহ দীনের পুরোপুরি অনুসরণকে বুঝানো হয়েছে। পূর্বের হাদীসে যে লক্ষ্যে নামায, পিতামাতার অবাধ্য হওয়ার ব্যাপারে তাগিদ দেয়া হয়েছে এখানে আল্লাহ্র প্রতি আস্থা কথাটি দিয়ে ব্যাপকভাবে তা বুঝানো হয়েছে। ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে জিহাদ, এজন্য জিহাদকে সর্বোত্তম আমল বলা হয়েছে।

www.pathagar.com

বললেন ঃ ওয়াক্তমতো নামায আদায় করা। আমি বললাম ঃ তারপর কোনটি? তিনি বললেন ঃ পিতামাতার অবাধ্য না হওয়া। আমি বললাম ঃ তারপর কোনটি? তিনি বললেন ঃ আল্লাহ্‌র পথে জিহাদ। (বুখারী, মুসলিম)

সমাজ সংস্কারের প্রথম পদক্ষেপ হচ্ছে নামাযের মাধ্যমে ব্যক্তি চরিত্র সংশোধন। তারপর পরিবারের সাথে সুসম্পর্ক স্থাপন করে আদর্শ সমাজ নির্মাণের ভিতকে মজবুত করা। এবং তৃতীয় পর্যায়ে সমাজ থেকে ফিতনা ফাসাদ নির্মূল করে আদর্শ সমাজ কায়েম করা। ব্যক্তি চরিত্র সংশোধন হয় নামাযের মাধ্যমে এবং পরিবাররের শৃঙ্খলা বজায় থাকে পিতামাতার সাথে সদাচারণ। আর পৃথিবী থেকে ফিতনা নির্মূলের উপায় হচ্ছে জিহাদ। হযরত আবদুল্লাহ্ ইবনে মাসউদ (রা) ছিলেন একজন উচ্চ স্তরের ফকীহ। গোটা জীবন তিনি দাওয়াত, সংশোধন, প্রশিক্ষণ ও আত্মার পবিত্রতার পেছনে কাজ করেছেন, যখন তিনি মাহবুবে খোদা রাসূল (সা) এর নিকট আল্লাহ্‌র প্রিয় আমল সম্পর্কে জিজ্ঞেস করলেন, তখন তিনি আল্লাহ্‌র প্রিয় পাত্র হওয়ার পর্যায়ক্রমিক আমলের বর্ণনা দিলেন। এসব ক'টি আমলই অত্যন্ত গুরুত্বপূর্ণ।

عَنْ اَبِىْ ذَرٍّ قَالَ : قُلْتُ يَارَسُوْلَ اللّٰهِ اَىُّ الْعَمَلِ اَفْضَلُ ؟
قَالَ اَلْاِيْمَانُ بِاللّٰهِ وَالْجِهَادُ فِىْ سَبِيْلِهِ -

হযরত আবুযর গিফারী (রা) বর্ণনা করেছেন, আমি জিজ্ঞেস করলাম ঃ হে আল্লাহ্‌র রাসূল! কোন আমল উত্তম? তিনি বললেন ঃ আল্লাহ্‌র প্রতি আস্থা এবং তাঁর পথে জিহাদ। (বুখারী, মুসলিম)

এ হাদীসে আল্লাহ্‌র প্রতি ঈমান বলতে শুধু আকাইদের ব্যাপারটা বুঝানো হয়নি বরং নামায কায়েম সহ দীনের পুরোপুরি অনুসরণকে বুঝানো হয়েছে। পূর্বের হাদীসে যে লক্ষ্যে নামায, পিতামাতার অবাধ্য হওয়ার ব্যাপারে তাগিদ দেয়া হয়েছে এখানে আল্লাহ্‌র প্রতি আস্থা কথাটি দিয়ে ব্যাপকভাবে তা বুঝানো হয়েছে। ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে জিহাদ, এজন্য জিহাদকে সর্বোত্তম আমল বলা হয়েছে।

www.pathagar.com

পূর্ণাঙ্গ মুমিন

عَنْ اَبِىْ سَعِيْدِ نِ الْخُدْرِىِّ اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : قَالَ الْمُؤْمِنُوْنَ فِى الدُّنْيَا عَلٰى ثَلٰثَةِ اَجْزَاءٍ اَلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَجَاهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ - وَالَّذِىْ يَاْمَنُهُ النَّاسُ عَلٰى اَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ثُمَّ الَّذِىْ اِذَا اَشْرَفَ عَلٰى طَمَعٍ تَرَكَهٗ لِلّٰهِ عَزَّ وَجَلَّ -

হযরত আবু সাঈদ (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ পৃথিবীতে ঈমানদারগণ তিন প্রকারের। (১) যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের উপর ঈমান এনেছে, অতপর কোন সন্দেহ সংশয়ে পড়েনি। এবং নিজেদের ধনসম্পদ ও জীবন দিয়ে আল্লাহ্র পথে জিহাদ করে। (২) যার প্রতি মানুষ তাদের জান মালের নিরাপত্তার ভরসা রাখে। (৩) যে ব্যক্তি কোন বিষয়ে লোভ করে শুধুমাত্র আল্লাহ্র সন্তুষ্টি লাভের জন্য তা পরিত্যাগ করেছে। (মুসনাদে আহমদ)

ঈমানের প্রথম স্তর হচ্ছে, একজন ঈমানদার পৃথিবী থেকে ফিতনা ফাসাদ ও অন্যায় জুলুমের মূলোৎপাটন করে শান্তি শৃঙ্খলা ও ইনসাফ কায়েম করবে। এ উদ্দেশ্য একমাত্র জিহাদের মাধ্যমে সাধন হতে পারে। দ্বিতীয় স্তর হচ্ছে একজন ঈমানদার ব্যক্তি পূর্ণ নিরাপত্তার আবাসস্থল হবে। তার থেকে কোন মানুষের লেশমাত্র ক্ষতি হবে না এবং তৃতীয় স্তর হচ্ছে–একজন মুমিন দুনিয়ার লোভ লালসা থেকে মুক্ত থাকবে। যদি কখনো দূর্বলতা দেখা দেয় তবে তা শুধুমাত্র আল্লাহ্র সন্তুষ্টির জন্য প্রত্যাখ্যান করবে এবং আখিরাতের চাওয়া পাওয়াটাই তার মূখ্য হবে। দুনিয়ায় সে কি পেলো বা না পেলো কখনো সেই হিসেব সে করবে না।

উম্মতে মুহাম্মদীর দরবেশী

عَنْ اَبِىْ هُرَيْرَةَ اَنَّ رَجُلاً مِّنْ اَصْحَابِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِشَعْبٍ فِيْهِ عَيْنٌ عَذْبَةٌ قَالَ فَاَعْجَبَتْهُ يَعْنِىْ طِيْبَ الشِّعْبِ - فَقَالَ لَوْ اَقَمْتُ هٰهُنَا وَخَلَوْتُ - ثُمَّ قَالَ لَا حَتّٰى اَسْاَلَ

www.pathagar.com

পূর্ণাঙ্গ মুমিন

عَنْ اَبِىْ سَعِيْدِ نِ الْخُدْرِيِّ اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : قَالَ الْمُؤْمِنُوْنَ فِى الدُّنْيَا عَلٰى ثَلٰثَةِ اَجْزَاءٍ اَلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَجَاهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ - وَالَّذِىْ يَاْمَنُهُ النَّاسُ عَلٰى اَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ثُمَّ الَّذِىْ اِذَا اَشْرَفَ عَلٰى طَمَعٍ تَرَكَهُ لِلّٰهِ عَزَّ وَجَلَّ -

হযরত আবু সাঈদ (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ পৃথিবীতে ঈমানদারগণ তিন প্রকারের। (১) যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের উপর ঈমান এনেছে, অতপর কোন সন্দেহ সংশয়ে পড়েনি। এবং নিজেদের ধনসম্পদ ও জীবন দিয়ে আল্লাহ্র পথে জিহাদ করে। (২) যার প্রতি মানুষ তাদের জান মালের নিরাপত্তার ভরসা রাখে। (৩) যে ব্যক্তি কোন বিষয়ে লোভ করে শুধুমাত্র আল্লাহ্র সন্তুষ্টি লাভের জন্য তা পরিত্যাগ করেছে। (মুসনাদে আহমদ)

ঈমানের প্রথম স্তর হচ্ছে, একজন ঈমানদার পৃথিবী থেকে ফিতনা ফাসাদ ও অন্যায় জুলুমের মূলোৎপাটন করে শান্তি শৃঙ্খলা ও ইনসাফ কায়েম করবে। এ উদ্দেশ্য একমাত্র জিহাদের মাধ্যমে সাধন হতে পারে। দ্বিতীয় স্তর হচ্ছে একজন ঈমানদার ব্যক্তি পূর্ণ নিরাপত্তার আবাসস্থল হবে। তার থেকে কোন মানুষের লেশমাত্র ক্ষতি হবে না এবং তৃতীয় স্তর হচ্ছে–একজন মুমিন দুনিয়ার লোভ লালসা থেকে মুক্ত থাকবে। যদি কখনো দূর্বলতা দেখা দেয় তবে তা শুধুমাত্র আল্লাহ্র সন্তুষ্টির জন্য প্রত্যাখ্যান করবে এবং আখিরাতের চাওয়া পাওয়াটাই তার মূখ্য হবে। দুনিয়ায় সে কি পেলো বা না পেলো কখনো সেই হিসেব সে করবে না।

উম্মতে মুহাম্মদীর দরবেশী

عَنْ اَبِىْ هُرَيْرَةَ اَنَّ رَجُلاً مِّنْ اَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِشِعْبٍ فِيْهِ عُيَيْنٌ عَذْبَةٌ قَالَ فَاَعْجَبَتْهُ يَعْنِىْ طِيْبَ الشِّعْبِ - فَقَالَ لَوْ اَقَمْتُ هٰهُنَا وَخَلَوْتُ - ثُمَّ قَالَ لَا حَتّٰى اَسْاَلَ

www.pathagar.com

النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ فَقَالَ : مَقَامُ اَحَدِكُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنْ عِبَادَةِ اَحَدِكُمْ فِيْ اَهْلِهِ سِتِّيْنَ سَنَةً - اَمَا تُحِبُّوْنَ اَنْ يَّغْفِرَ اللّٰهُ لَكُمْ وَتَدْخُلُوْنَ الْجَنَّةَ ؟ جَاهِدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ مَنْ قَاتَلَ فِيْ سَبِيْلِ اللّٰهِ فُوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ -

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ্ (সা) এর জনৈক সাহাবী একটি উপত্যকা অতিক্রমকালে মিষ্টি পানির এক ঝর্ণা দেখে মনে মনে ভাবলেন, আমি যদি লোকালয় থেকে বিচ্ছিন্ন হয়ে এখানে অবস্থান করে ইবাদাত বন্দেগী করি তবে কতই না ভালো হবে। রাসূলুল্লাহ্ (সা) এর নিকট এ অভিপ্রায় ব্যক্ত করলে তিনি বললেনঃ এরূপ করোনা। কারণ আল্লাহ্র রাস্তায় অবস্থান করা, (অর্থাৎ জিহাদে শরীক হওয়া) বাড়ীতে ষাট বৎসরের নামাযের চেয়েও উত্তম। তোমরা কি চাওনা যে, আল্লাহ্ তোমাদেরকে মাফ করে দিন এবং জান্নাতে প্রবেশ করান? তবে তোমরা আল্লাহ্র পথে জিহাদ করো। যে ব্যক্তি একটি উটনী দোহনের সময়ের ন্যায় স্বল্প সময়ও আল্লাহ্র পথে জিহাদ করে তার জন্য জান্নাত অবধারিত। (তিরমিযি, মুসনাদে আহমদ)

নবী করীম (সা) ও তাঁর সাহাবীগণ সফর থেকে প্রত্যাবর্তন করছিলেন। রাস্তায় এমন এক উপত্যকা দিয়ে পথ চলছিলেন যেখানে মিষ্টি পানির ঝর্ণা ছিলো এবং গোটা এলাকা ছিলো সবুজ শ্যামল। দেখে এক সাহাবী মনে করলেন দুনিয়া থেকে পৃথক হয়ে এমন নির্জন জায়গায় ইবাদাত বন্দেগী করতে পারলে বেশ ভালো হতো। খৃষ্টান দরবেশগণ ঘরসংসার ও লোকালয় ত্যাগ করে এরূপ নির্জনে ইবাদাত করাটাকে আল্লাহর নৈকট্য অর্জনের সহজ পথ মনে করেছিলো। এজন্য রাসূলুল্লাহ্ (সা) তাঁর ইচ্ছের কথা জানতে পেরে আল্লাহ্র নৈকট্য অর্জনের সহজ ও সর্বোত্তম পথের কথা বলে দিলেন। আরো বললেন ঃ জিহাদের কোলাহলের মধ্যে এক ঘন্টা অবস্থান করা, লোকালয়ে থেকে ষাট বৎসর ইবাদাত বন্দেগী করার চেয়েও উত্তম। এ হাদীসে তিনি শুধু জিহাদের ফযীলত-ই বর্ণনা করেনি, বরং এমন একটি মূলনীতি বর্ণনা করেছেন, যা অনুসরণ না করলে আল্লাহ্র মার্জনা ও জান্নাত থেকে বঞ্চিত হবারও সম্ভাবনা রয়েছে। অন্য এক হাদীসে তিনি বলেছেন ঃ প্রত্যেক নবীর জন্যই দরবেশীর পদ্ধতি নির্ধারণ করে দেয়া হয়েছে আর আমার উম্মতের দরবেশী হচ্ছে আল্লাহ্র পথে জিহাদ।

www.pathagar.com

النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ فَقَالَ : مَقَامُ اَحَدِكُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنْ عِبَادَةِ اَحَدِكُمْ فِيْ اَهْلِهِ سِتِّيْنَ سَنَةً - اَمَا تُحِبُّوْنَ اَنْ يَّغْفِرَ اللّٰهُ لَكُمْ وَتَدْخُلُوْنَ الْجَنَّةَ ؟ جَاهِدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ مَنْ قَاتَلَ فِيْ سَبِيْلِ اللّٰهِ فُوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ -

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ্ (সা) এর জনৈক সাহাবী একটি উপত্যকা অতিক্রমকালে মিষ্টি পানির এক ঝর্ণা দেখে মনে মনে ভাবলেন, আমি যদি লোকালয় থেকে বিচ্ছিন্ন হয়ে এখানে অবস্থান করে ইবাদাত বন্দেগী করি তবে কতই না ভালো হবে। রাসূলুল্লাহ্ (সা) এর নিকট এ অভিপ্রায় ব্যক্ত করলে তিনি বললেনঃ এরূপ করোনা। কারণ আল্লাহ্‌র রাস্তায় অবস্থান করা, (অর্থাৎ জিহাদে শরীক হওয়া) বাড়ীতে ষাট বৎসরের নামাযের চেয়েও উত্তম। তোমরা কি চাওনা যে, আল্লাহ্ তোমাদেরকে মাফ করে দিন এবং জান্নাতে প্রবেশ করান? তবে তোমরা আল্লাহ্‌র পথে জিহাদ করো। যে ব্যক্তি একটি উটনী দোহনের সময়ের ন্যায় স্বল্প সময়ও আল্লাহ্‌র পথে জিহাদ করে তার জন্য জান্নাত অবধারিত। (তিরমিযি, মুসনাদে আহমদ)

নবী করীম (সা) ও তাঁর সাহাবীগণ সফর থেকে প্রত্যাবর্তন করছিলেন। রাস্তায় এমন এক উপত্যকা দিয়ে পথ চলছিলেন যেখানে মিষ্টি পানির ঝর্ণা ছিলো এবং গোটা এলাকা ছিলো সবুজ শ্যামল। দেখে এক সাহাবী মনে করলেন দুনিয়া থেকে পৃথক হয়ে এমন নির্জন জায়গায় ইবাদাত বন্দেগী করতে পারলে বেশ ভালো হতো। খৃষ্টান দরবেশগণ ঘরসংসার ও লোকালয় ত্যাগ করে এরূপ নির্জনে ইবাদাত করাটাকে আল্লাহর নৈকট্য অর্জনের সহজ পথ মনে করেছিলো। এজন্য রাসূলুল্লাহ্ (সা) তাঁর ইচ্ছের কথা জানতে পেরে আল্লাহ্‌র নৈকট্য অর্জনের সহজ ও সর্বোত্তম পথের কথা বলে দিলেন। আরো বললেন ঃ জিহাদের কোলাহলের মধ্যে এক ঘন্টা অবস্থান করা, লোকালয়ে থেকে ষাট বৎসর ইবাদাত বন্দেগী করার চেয়েও উত্তম। এ হাদীসে তিনি শুধু জিহাদের ফযীলত-ই বর্ণনা করেনি, বরং এমন একটি মূলনীতি বর্ণনা করেছেন, যা অনুসরণ না করলে আল্লাহ্‌র মার্জনা ও জান্নাত থেকে বঞ্চিত হবারও সম্ভাবনা রয়েছে। অন্য এক হাদীসে তিনি বলেছেন ঃ প্রত্যেক নবীর জন্যই দরবেশীর পদ্ধতি নির্ধারণ করে দেয়া হয়েছে আর আমার উম্মতের দরবেশী হচ্ছে আল্লাহ্‌র পথে জিহাদ।

www.pathagar.com

তৃতীয় অধ্যায়

আল্লাহ্‌র পথে জিহাদ

- আল্লাহ্‌র দীনের প্রতিষ্ঠা
- খ্যাতি ও নাম-যশ থেকে মুক্ত থাকা
- জিহাদের প্রথম শর্ত ঃ ইসলাম গ্রহণ
- মুনাফিকের জিহাদ গ্রহণযোগ্য নয়
- পার্থিব স্বার্থ পরিত্যাগ
- পারিশ্রমিকের বিনিময়ে জিহাদে অংশগ্রহণ
- নিজ খরচে অপরকে জিহাদে পাঠানো
- জিহাদ উত্তর সৎকাজ অব্যাহত রাখা

www.pathagar.com

তৃতীয় অধ্যায়

আল্লাহ্‌র পথে জিহাদ

- আল্লাহ্‌র দীনের প্রতিষ্ঠা
- খ্যাতি ও নাম-যশ থেকে মুক্ত থাকা
- জিহাদের প্রথম শর্ত ঃ ইসলাম গ্রহণ
- মুনাফিকের জিহাদ গ্রহণযোগ্য নয়
- পার্থিব স্বার্থ পরিত্যাগ
- পারিশ্রমিকের বিনিময়ে জিহাদে অংশগ্রহণ
- নিজ খরচে অপরকে জিহাদে পাঠানো
- জিহাদ উত্তর সৎকাজ অব্যাহত রাখা

www.pathagar.com

আল্লাহ্‌র পথে জিহাদ

আল্লাহ্‌র দীনের প্রতিষ্ঠা

وَجَاهِدُوْا فِى اللّٰهِ حَقَّ جِهَادِهٖ

আল্লাহ্‌র পথে জিহাদ করো, যেরূপ জিহাদ করা উচিত। (সূরা আল হাজ্জ ঃ ৭৮)

জিহাদ খালেছ এবং পরিপূর্ণভাবে করতে হবে। আল্লাহ্‌ যে শক্তি সামর্থ দিয়েছেন তা পুরোপুরি নিয়োগ করতে হবে। চাই তা শারীরিক শক্তি হোক কিংবা আর্থিক। মানুষের কর্তব্য হচ্ছে একনিষ্ঠভাবে আল্লাহ্‌র ইবাদাত করা এবং কুফুরী মতবাদকে অসাড় করে আল্লাহ্‌র দীনকে পূর্ণমাত্রায় বিজয়ী করার লক্ষ্যে প্রাণান্তকর প্রচেষ্টা করা।

اَلَّذِيْنَ اٰمَنُوْا يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ (ط) وَالَّذِيْنَ كَفَرُوْا يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِ الطَّاغُوْتِ فَقَاتِلُوْا اَوْلِيَاءَ الشَّيْطَانِ (ط) اِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيْفًا -

যারা ঈমানের পথ গ্রহণ করেছে, তারা আল্লাহর পথে লড়াই করে, আর যারা কুফুরীর পথ অবলম্বন করেছে, তারা লড়াই করে তাগুতের পথে। অতএব তোমরা শয়তানের সঙ্গী সাথীদের বিরুদ্ধে লড়াই করো। জেনে রেখো শয়তানের ষড়যন্ত্র মূলতঃ অত্যন্ত দূর্বল। (সূরা আন নিসা ঃ ৭৬)

ঈমানদারদের সমস্ত চেষ্টা প্রচেষ্টা ও যুদ্ধসংগ্রাম আল্লাহ্‌র দীনকে বিজয়ী করার জন্য পরিচালিত হয়। তাদের জিহাদের প্রতিটি পদক্ষেপ আল্লাহ্‌র সন্তুষ্টির নিমিত্তে উৎসর্গিত। সেখানে দুনিয়ার কোন স্বার্থ, নাম-যশ, খ্যাতি ইত্যাদি কোন কিছুরই ঠাঁই নেই। তাদের প্রথম কর্তব্য হচ্ছে– বাইরের শত্রুর শিরোচ্ছেদের পূর্বে ভেতরের শত্রুর শিরোচ্ছেদ করা। ইসলামী শরীয়ার পূর্ণ পাবন্দী, জিহাদের বিধিনিষেধগুলো অক্ষরে অক্ষরে পালন করা, জিহাদী সাথীদের খেদমত ইত্যাদি

www.pathagar.com

আল্লাহ্‌র পথে জিহাদ

আল্লাহ্‌র দীনের প্রতিষ্ঠা

وَجَاهِدُوْا فِى اللّٰهِ حَقَّ جِهَادِهٖ

আল্লাহ্‌র পথে জিহাদ করো, যেরূপ জিহাদ করা উচিত। (সূরা আল হাজ্জ ঃ ৭৮)

জিহাদ খালেছ এবং পরিপূর্ণভাবে করতে হবে। আল্লাহ্ যে শক্তি সামর্থ দিয়েছেন তা পুরোপুরি নিয়োগ করতে হবে। চাই তা শারীরিক শক্তি হোক কিংবা আর্থিক। মানুষের কর্তব্য হচ্ছে একনিষ্ঠভাবে আল্লাহ্‌র ইবাদাত করা এবং কুফুরী মতবাদকে অসাড় করে আল্লাহ্‌র দীনকে পূর্ণমাত্রায় বিজয়ী করার লক্ষ্যে প্রাণান্তকর প্রচেষ্টা করা।

اَلَّذِيْنَ اٰمَنُوْا يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ (ط) وَالَّذِيْنَ كَفَرُوْا يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِ الطَّاغُوْتِ فَقَاتِلُوْا اَوْلِيَاءَ الشَّيْطَانِ (ط) اِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيْفًا -

যারা ঈমানের পথ গ্রহণ করেছে, তারা আল্লাহর পথে লড়াই করে, আর যারা কুফুরীর পথ অবলম্বন করেছে, তারা লড়াই করে তাগুতের পথে। অতএব তোমরা শয়তানের সঙ্গী সাথীদের বিরুদ্ধে লড়াই করো। জেনে রেখো শয়তানের ষড়যন্ত্র মূলতঃ অত্যন্ত দূর্বল। (সূরা আন নিসা ঃ ৭৬)

ঈমানদারদের সমস্ত চেষ্টা প্রচেষ্টা ও যুদ্ধসংগ্রাম আল্লাহ্‌র দীনকে বিজয়ী করার জন্য পরিচালিত হয়। তাদের জিহাদের প্রতিটি পদক্ষেপ আল্লাহ্‌র সন্তুষ্টির নিমিত্তে উৎসর্গিত। সেখানে দুনিয়ার কোন স্বার্থ, নাম-যশ, খ্যাতি ইত্যাদি কোন কিছুরই ঠাঁই নেই। তাদের প্রথম কর্তব্য হচ্ছে- বাইরের শত্রুর শিরোচ্ছেদের পূর্বে ভেতরের শত্রুর শিরোচ্ছেদ করা। ইসলামী শরীয়ার পূর্ণ পাবন্দী, জিহাদের বিধিনিষেধগুলো অক্ষরে অক্ষরে পালন করা, জিহাদী সাথীদের খেদমত ইত্যাদি

কাজগুলো অক্লান্ত ও আন্তরিকভাবেই তারা সম্পূর্ণ করে। পক্ষান্তরে যারা তাগুতের পথে জিহাদ করে তাদের প্রতিটি কাজকর্মে ও অন্তর্নিহিত ভাবধারায় তাগুতী শক্তিরই বহিঃপ্রকাশ ঘটে।

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اَلْغَزْوُ غَزْوَانِ فَاَمَّا مَنِ ابْتَغٰى وَجْهَ اللّٰهِ وَاَطَاعَ الْاِمَامَ وَاَنْفَقَ الْكَرِيْمَةَ وَيَاسَرَ الشَّرِيْكَ وَاجْتَنَبَ الْفَسَادَ فَاِنَّ نَوْمَهُ وَنَبْهَهُ اَجْرٌ كُلُّهُ وَاَمَّا مَنْ غَزَا فَخْرًا وَرِيَاءً وَسُمْعَةً وَعَصَى الْاِمَامَ وَاَفْسَدَ فِى الْاَرْضِ فَاِنَّهُ لَمْ يَرْجِعْ بِالْكَفَافِ -

হযরত মুয়াজ ইবনে জাবাল (রা) থেকে বর্ণিত, আল্লাহ্‌র রাসূল (সা) বলেছেন ঃ জিহাদকারীর জিহাদ দু'ধরনের হয়। এক প্রকারের জিহাদ ঐ ব্যক্তির, যে আল্লাহ্‌র সন্তুষ্টি অর্জনের জন্য জিহাদ করে, সেনাপতির অনুগত থাকে, উত্তম সম্পদ ব্যয় করে, সঙ্গীদের সাথে সদ্ব্যবহার করে, ঝগড়া ফাসাদ পরিহার করে, তবে ঐ ব্যক্তির নিন্দ্রা জাগরণ (সারাক্ষণ) সবই সওয়াবে পরিগণিত হবে। দ্বিতীয়তঃ যে ব্যক্তি দাম্ভিকতার সাথে সুনাম সুখ্যাতির জন্য যুদ্ধ করে, সেনাপতির নির্দেশ অমান্য করে এবং বিশৃংখলা ঘটায় তার জন্য সামান্যতম পূণ্যও নেই।

(মালিক, আবু দাউদ, নাসাঈ)

মুসলিম মুজাহিদকে সত্যিকার জিহাদ করতে হলে সর্বপ্রথম কামনা, নাম-যশ, গনিমতের লোভ লালসা, ব্যক্তিগত কিংবা গোত্রীয় আক্রশ ইত্যাদি সবকিছু অন্তর থেকে ঝাটিয়ে বিদায় করে দিতে হবে। অন্তরে একমাত্র আল্লাহ্‌র সন্তুষ্টির কামনা ছাড়া আর কিছুই থাকবেনা। নেতার আনুগত্য ও ইসলামের বিধি-নিষেধ অনুসরণে অমনোযোগী হবেনা। নিজের প্রিয়তম বস্তু আল্লাহ্‌র পথে আন্তরিকতার সাথে খরচ করবে। কথা, কাজে ও সমস্ত তৎপরতা পরিচালিত হবে একজন খাঁটি মুজাহিদের মতো। কাউকে বিনা কারণে মুখ অথবা হাত দিয়ে কষ্ট দেবেনা, সাথীদের জন্য সে থাকবে পূর্ণ সহানুভূতিশীল। নিজের অধিকার সে আরেক ভাইয়ের সুবিধার জন্য হাসিমুখে পরিত্যাগ করবে।

www.pathagar.com

কাজগুলো অক্লান্ত ও আন্তরিকভাবেই তারা সম্পূর্ণ করে। পক্ষান্তরে যারা তাগুতের পথে জিহাদ করে তাদের প্রতিটি কাজকর্মে ও অন্তর্নিহিত ভাবধারায় তাগুতী শক্তিরই বহিঃপ্রকাশ ঘটে।

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ قَالَ قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : اَلْغَزْوُ غَزْوَانِ فَاَمَّا مَنِ ابْتَغَى وَجْهَ اللّٰهِ وَاَطَاعَ الْاِمَامَ وَاَنْفَقَ الْكَرِيْمَةَ وَيَاسَرَ الشَّرِيْكَ وَاجْتَنَبَ الْفَسَادَ فَاِنَّ نَوْمَهُ وَنَبْهَهُ اَجْرٌ كُلُّهُ وَاَمَّا مَنْ غَزَا فَخْرًا وَرِيَاءً وَسُمْعَةً وَعَصَى الْاِمَامَ وَاَفْسَدَ فِى الْاَرْضِ فَاِنَّهُ لَمْ يَرْجِعْ بِالْكَفَافِ -

হযরত মুয়াজ ইবনে জাবাল (রা) থেকে বর্ণিত, আল্লাহ্‌র রাসূল (সা) বলেছেন ঃ জিহাদকারীর জিহাদ দু'ধরনের হয়। এক প্রকারের জিহাদ ঐ ব্যক্তির, যে আল্লাহ্‌র সন্তুষ্টি অর্জনের জন্য জিহাদ করে, সেনাপতির অনুগত থাকে, উত্তম সম্পদ ব্যয় করে, সঙ্গীদের সাথে সদ্ব্যবহার করে, ঝগড়া ফাসাদ পরিহার করে, তবে ঐ ব্যক্তির নিদ্রা জাগরণ (সারাক্ষণ) সবই সওয়াবে পরিগণিত হবে। দ্বিতীয়তঃ যে ব্যক্তি দাম্ভিকতার সাথে সুনাম সুখ্যাতির জন্য যুদ্ধ করে, সেনাপতির নির্দেশ অমান্য করে এবং বিশৃংখলা ঘটায় তার জন্য সামান্যতম পূণ্যও নেই।

(মালিক, আবু দাউদ, নাসাঈ)

মুসলিম মুজাহিদকে সত্যিকার জিহাদ করতে হলে সর্বপ্রথম কামনা, নাম-যশ, গনিমতের লোভ লালসা, ব্যক্তিগত কিংবা গোত্রীয় আক্রশ ইত্যাদি সবকিছু অন্তর থেকে ঝাটিয়ে বিদায় করে দিতে হবে। অন্তরে একমাত্র আল্লাহ্‌র সন্তুষ্টির কামনা ছাড়া আর কিছুই থাকবেনা। নেতার আনুগত্য ও ইসলামের বিধি-নিষেধ অনুসরণে অমনোযোগী হবেনা। নিজের প্রিয়তম বস্তু আল্লাহ্‌র পথে আন্তরিকতার সাথে খরচ করবে। কথা, কাজে ও সমস্ত তৎপরতা পরিচালিত হবে একজন খাঁটি মুজাহিদের মতো। কাউকে বিনা কারণে মুখ অথবা হাত দিয়ে কষ্ট দেবেনা, সাথীদের জন্য সে থাকবে পূর্ণ সহানুভূতিশীল। নিজের অধিকার সে আরেক ভাইয়ের সুবিধার জন্য হাসিমুখে পরিত্যাগ করবে।

www.pathagar.com

বিজয়ী হলে সীমালংঘন করবেনা বা বিপর্যয় সৃষ্টি করে পরিবেশকে বিষিয়ে তুলবেনা। তারা বিজয়ীদের ঐ দলে শরীক হবেনা যার কথা আল কুরআনে বলা হয়েছে ঃ

اِنَّ الْمُلُوْكَ اِذَا دَخَلُوْا قَرْيَةً اَفْسَدُوْهَا وَجَعَلُوْا اَعِزَّةَ اَهْلِهَا اَذِلَّةً -

বাদশাহ যখন কোন জনপদে প্রবেশ করে তখন সেখানে বিপর্যয় সৃষ্টি করে এবং জনপদের সম্মানিত লোকদেরকে অপদস্থ করে ছাড়ে। (সূরা আন নম্ল ঃ ৩৪)

বরং তাদেরকে ঐ দলে শরীক হওয়া উচিত যার প্রশংসা স্বয়ং আল্লাহ্পাক করেছেন ঃ

اَلَّذِيْنَ اِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ وَاَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ -

এরাতো ঐ সমস্ত লোক, যদি আমি কোথাও তাদেরকে প্রতিষ্ঠিত করে দেই, তবে তারা নামায কায়েম করে, যাকাত আদায় করে এবং সৎকাজের নির্দেশ ও অসৎকাজের প্রতিরোধ করে। (সূরা আল হাজ্জ ঃ ৪১)

عَنْ اَبِىْ مُوْسٰى قَالَ : سُئِلَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ يُقَاتِلُ شَجَاعَةً - وَيُقَاتِلُ حَمِيَّةً وَيُقَاتِلُ رِيَاءً - اَىُّ ذٰلِكَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؟ فَقَالَ مَنْ قَاتَلَ لِتَكُوْنَ كَلِمَةُ اللّٰهِ هِىَ الْعُلْيَا فَهُوَ فِىْ سَبِيْلِ اللّٰهِ -

হযরত আবু মূসা (রা) বর্ণনা করেছেন ঃ একবার নবী করীম (সা) কে জিজ্ঞেস করা হলো কেউ বীরত্বের জন্য লড়াই করে কেউ, জাতীয়তার টানে লড়াই করে, আবার কেউ লোক দেখানোর জন্য লড়াই করে, এদের কার লড়াই আল্লাহ্র পথে? তিনি বললেন ঃ যে শুধুমাত্র আল্লাহ্র কালিমাকে উচ্চে তুলে ধরার জন্য লড়াই করে, কেবল তার লড়াই-ই আল্লাহ্র পথে বলে গণ্য হবে।

(বুখারী, মুসলিম, তিরমিযি, আবু দাউদ, নাসাঈ, আহমদ, দারাকুতনী)

www.pathagar.com

বিজয়ী হলে সীমালংঘন করবেনা বা বিপর্যয় সৃষ্টি করে পরিবেশকে বিষিয়ে তুলবেনা। তারা বিজয়ীদের ঐ দলে শরীক হবেনা যার কথা আল কুরআনে বলা হয়েছে ঃ

إِنَّ الْمُلُوْكَ إِذَا دَخَلُوْا قَرْيَةً أَفْسَدُوْهَا وَجَعَلُوْا أَعِزَّةَ أَهْلِهَا أَذِلَّةً -

বাদশাহ যখন কোন জনপদে প্রবেশ করে তখন সেখানে বিপর্যয় সৃষ্টি করে এবং জনপদের সম্মানিত লোকদেরকে অপদস্থ করে ছাড়ে। (সূরা আন নম্‌ল ঃ ৩৪)

বরং তাদেরকে ঐ দলে শরীক হওয়া উচিত যার প্রশংসা স্বয়ং আল্লাহ্‌পাক করেছেন ঃ

اَلَّذِيْنَ إِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ وَاَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ -

এরাতো ঐ সমস্ত লোক, যদি আমি কোথাও তাদেরকে প্রতিষ্ঠিত করে দেই, তবে তারা নামায কায়েম করে, যাকাত আদায় করে এবং সৎকাজের নির্দেশ ও অসৎকাজের প্রতিরোধ করে। (সূরা আল হাজ্জ ঃ ৪১)

عَنْ اَبِىْ مُوْسٰى قَالَ : سُئِلَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ يُقَاتِلُ شَجَاعَةً - وَيُقَاتِلُ حَمِيَّةً وَيُقَاتِلُ رِيَاءً - اَىُّ ذٰلِكَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؟ فَقَالَ مَنْ قَاتَلَ لِتَكُوْنَ كَلِمَةُ اللّٰهِ هِىَ الْعُلْيَا فَهُوَ فِىْ سَبِيْلِ اللّٰهِ -

হযরত আবু মূসা (রা) বর্ণনা করেছেন ঃ একবার নবী করীম (সা) কে জিজ্ঞেস করা হলো কেউ বীরত্বের জন্য লড়াই করে কেউ, জাতীয়তার টানে লড়াই করে, আবার কেউ লোক দেখানোর জন্য লড়াই করে, এদের কার লড়াই আল্লাহ্‌র পথে? তিনি বললেন ঃ যে শুধুমাত্র আল্লাহ্‌র কালিমাকে উচ্চে তুলে ধরার জন্য লড়াই করে, কেবল তার লড়াই-ই আল্লাহ্‌র পথে বলে গণ্য হবে।

(বুখারী, মুসলিম, তিরমিযি, আবু দাউদ, নাসাঈ, আহমদ, দারাকুতনী)

www.pathagar.com

এ হাদীসটি উপরে বর্ণিত হাদীসের ব্যাখ্যা স্বরূপ। রাসূল (সা) ইসলামী জিহাদ ও বাতিল লড়াইয়ের মধ্যে মৌলিক পার্থক্য নির্ণয় করে দিয়েছেন। ইসলামী জিহাদের সারকথা হচ্ছে–তা আল্লাহ্র সন্তুষ্টির লক্ষ্যে পরিচালিত হবে। কেবলমাত্র দেশ জয় করাই তার লক্ষ্য হবে না। যাদের লড়াই শুধু বীরত্ব কিংবা জাতীয়তাবাদের প্রতিষ্ঠা, তাদের লড়াই কেবল পৃথিবীতে বিপর্যয়ের বার্তা নিয়েই আসে। যুদ্ধের জন্য যুদ্ধ, কিংবা আগ্রাসনের জন্য যুদ্ধ ইসলাম সমর্থন করেনা, বরং ইসলাম চায় যুদ্ধের বিনিময়ে শান্তি এবং যুদ্ধের মাধ্যমে আল্লাহ্র কালিমাকে উচ্চে তুলে ধরতে এবং অযথা রক্তপাতকে এড়িয়ে চলতে।

খ্যাতি ও নাম-যশ থেকে মুক্ত থাকা

عَنْ اَبِىْ اُمَامَةَ قَالَ : جَاءَ رَجُلٌ اِلَى النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اَرَأَيْتَ رَجُلاً غَزَا يَلْتَمِسُ الْاَجْرَ وَالذِّكْرَ مَالَهُ ؟ فَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَاشَيْئَ لَهُ - فَاَعَادَهَا ثَلَاثَ مَرَّاتٍ يَقُوْلُ لَهُ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَاشَيْئَ لَهُ - ثُمَّ قَالَ : اِنَّ اللّٰهَ لَايَقْبَلُ مِنَ الْعَمَلِ اِلَّا مَا كَانَ لَهُ خَالِصًا - وَابْتُغِىَ بِهِ وَجْهُهُ -

হযরত আবু উমামা (রা) বর্ণনা করেন ঃ একবার নবী করীম (সা) এর খেদমতে একলোক এসে বললো ঃ যদি কোন ব্যক্তি মাল সম্পদ ও নাম-যশ অর্জনের জন্য লড়াই করে তবে সেকি কোন বিনিময় পাবে? রাসূলুল্লাহ্ (সা) বললেন ঃ সে কোন বিনিময় পাবে না। লোকটি তিনবার তার প্রশ্নটি পুনর্ব্যক্ত করলো। (তিনবারই) রাসূল (সা) বললেন, তার জন্য কোন বিনিময় নেই। তারপর তিনি বললেন ঃ আল্লাহ্তো কেবলমাত্র ঐ আমলই গ্রহণ করেন যা একনিষ্ঠভাবে তার সন্তুষ্টির জন্য করা হয়। (মুসনাদে আহমদ,নাসাঈ)

জাহেলী যুগে মানুষ দুটো উদ্দেশ্যে যুদ্ধ করতো। এক ঃ পার্থিব কল্যাণ, চাই তা ধনসম্পদ হোক, কিংবা কোন এলাকা বা দেশ দখল করা কিংবা মানুষকে

www.pathagar.com

এ হাদীসটি উপরে বর্ণিত হাদীসের ব্যাখ্যা স্বরূপ। রাসূল (সা) ইসলামী জিহাদ ও বাতিল লড়াইয়ের মধ্যে মৌলিক পার্থক্য নির্ণয় করে দিয়েছেন। ইসলামী জিহাদের সারকথা হচ্ছে–তা আল্লাহ্‌র সন্তুষ্টির লক্ষ্যে পরিচালিত হবে। কেবলমাত্র দেশ জয় করাই তার লক্ষ্য হবে না। যাদের লড়াই শুধু বীরত্ব কিংবা জাতীয়তাবাদের প্রতিষ্ঠা, তাদের লড়াই কেবল পৃথিবীতে বিপর্যয়ের বার্তা নিয়েই আসে। যুদ্ধের জন্য যুদ্ধ, কিংবা আগ্রাসনের জন্য যুদ্ধ ইসলাম সমর্থন করেনা, বরং ইসলাম চায় যুদ্ধের বিনিময়ে শান্তি এবং যুদ্ধের মাধ্যমে আল্লাহ্‌র কালিমাকে উচ্চে তুলে ধরতে এবং অযথা রক্তপাতকে এড়িয়ে চলতে।

খ্যাতি ও নাম-যশ থেকে মুক্ত থাকা

عَنْ اَبِىْ اُمَامَةَ قَالَ : جَاءَ رَجُلٌ اِلَى النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اَرَأَيْتَ رَجُلاً غَزَا يَلْتَمِسُ الْاَجْرَ وَالذِّكْرَ مَالَهُ ؟ فَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَاشَيْئَ لَهُ - فَاعَادَهَا ثَلَاثَ مَرَّاتٍ يَقُوْلُ لَهُ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَاشَيْئَ لَهُ- ثُمَّ قَالَ : اِنَّ اللّٰهَ لَايَقْبَلُ مِنَ الْعَمَلِ اِلاَّ مَا كَانَ لَهُ خَالِصًا - وَابْتُغِىَ بِهِ وَجْهُهُ -

হযরত আবু উমামা (রা) বর্ণনা করেন ঃ একবার নবী করীম (সা) এর খেদমতে একলোক এসে বললো ঃ যদি কোন ব্যক্তি মাল সম্পদ ও নাম-যশ অর্জনের জন্য লড়াই করে তবে সেকি কোন বিনিময় পাবে? রাসূলুল্লাহ্ (সা) বললেন ঃ সে কোন বিনিময় পাবে না। লোকটি তিনবার তার প্রশ্নটি পুনর্ব্যক্ত করলো। (তিনবারই) রাসূল (সা) বললেন, তার জন্য কোন বিনিময় নেই। তারপর তিনি বললেন ঃ আল্লাহ্‌তো কেবলমাত্র ঐ আমলই গ্রহণ করেন যা একনিষ্ঠভাবে তার সন্তুষ্টির জন্য করা হয়। (মুসনাদে আহমদ,নাসাঈ)

জাহেলী যুগে মানুষ দুটো উদ্দেশ্যে যুদ্ধ করতো। এক ঃ পার্থিব কল্যাণ, চাই তা ধনসম্পদ হোক, কিংবা কোন এলাকা বা দেশ দখল করা কিংবা মানুষকে

www.pathagar.com

দাস দাসী বানিয়ে তার থেকে কল্যাণ লাভ করা বা জাতীয়তাবাদী শক্তির প্রতিষ্ঠা করা। দুই ঃ নাম-যশ ও খ্যাতি অর্জনের জন্য। মানুষ তাকে বীর, শাহান শাহ্‌, বিশ্ববিজয়ী ইত্যাদি বলবে, তার এ নাম-যশ ইতিহাস হয়ে থাকবে এজন্য।

তাই নবী করীম (সা) ঘোষণা করলেন ঃ যারা দুনিয়ার নাম-যশের জন্য কিংবা ধন সম্পদের জন্য জিহাদ করবে তার জন্য আল্লাহ্‌র নিকট কোন বিনময় নেই। প্রশ্নকারী এমন নিঃস্বার্থ লড়াইয়ের কথা শোনে আশ্চর্য হয়ে গেছে এবং বার বার প্রশ্ন করেছে। আর রাসূল (সা) বার বার একই উত্তর দিয়েছেন। সবশেষে তিনি নিশ্চিত করার জন্য বললেন ঃ আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য খালেছভাবে কোন আমল না করলে তিনি তা কবুল করেন না এবং তার কোন বিনিময়ও দেবেন না। এ কথাটিকে সংক্ষেপে 'জিহাদ ফী সাবীলিল্লাহ বা আল্লাহ্‌র পথে জিহাদ' বলা হয়েছে। উপরোক্ত শর্তাবলী পূরণ করে যে জিহাদ করা হবে তা 'জিহাদ ফী সাবীলিল্লাহ' বলে অভিহিত হবে অন্যথায় তা হবে 'জিহাদ ফী সাবীলিত তাগুত।'

عَنْ اَبِى هُرَيْرَةَ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَقُوْلُ اِنَّ اَوَّلَ النَّاسِ يُقْضٰى يَوْمَ الْقِيَامَةِ عَلَيْهِ رَجُلٌ اسْتُشْهِدَ فَاُتِىَ بِهٖ فَعَرَّفَهٗ نِعْمَهٗ فَعَرَفَهَا قَالَ فَمَا عَمِلْتَ فِيْهَا ؟ قَالَ قَاتَلْتُ فِيْكَ حَتّٰى اسْتُشْهِدْتُّ قَالَ كَذَبْتَ وَلٰكِنْ قَاتَلْتَ اَنْ يُّقَالَ جَرِىْءٌ فَقَدْ قِيْلَ ثُمَّ اُمِرَ بِهٖ فَسُحِبَ عَلٰى وَجْهِهٖ حَتّٰى يُلْقٰى فِى النَّارِ -

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেন ঃ আমি রাসূলুল্লাহ্‌ (সা) কে বলতে শুনেছি, কিয়ামতের দিন সর্বপ্রথম ঐ ব্যক্তির ফায়সালা করা হবে, যে যুদ্ধ করে শহীদ হয়েছে। যখন তাকে আল্লাহ্‌র নিকট হাজির করা হবে, তখন আল্লাহ্‌ তাকে জিজ্ঞেস করবেন ঃ আমি তোমাকে যে সমস্ত নিয়ামত দিয়েছিলাম তুমি কিভাবে তার হক আদায় করেছো? সে বলবে ঃ আপনার জন্য যুদ্ধ করতে করতে শহীদ হয়েছি। আল্লাহ্‌ বলবেন ঃ তুমি মিথ্যে কথা বলছো। তুমি এজন্য যুদ্ধ করেছো যে, লোকে তোমাকে সাহসী বীর বলবে; আর তোমার এ আশা তো পূরণ হয়েছে। অতঃপর আল্লাহ্‌ তাকে শাস্তির নির্দেশ দেবেন। তখন তাকে চুলের মুঠি ধরে জাহান্নামে নিক্ষেপ করা হবে। (এরপর হাদীসের বাকী অংশ) (আহমদ, মুসলিম)।

www.pathagar.com

দাস দাসী বানিয়ে তার থেকে কল্যাণ লাভ করা বা জাতীয়তাবাদী শক্তির প্রতিষ্ঠা করা। দুই ঃ নাম-যশ ও খ্যাতি অর্জনের জন্য। মানুষ তাকে বীর, শাহান শাহ্, বিশ্ববিজয়ী ইত্যাদি বলবে, তার এ নাম-যশ ইতিহাস হয়ে থাকবে এজন্য।

তাই নবী করীম (সা) ঘোষণা করলেন ঃ যারা দুনিয়ার নাম-যশের জন্য কিংবা ধন সম্পদের জন্য জিহাদ করবে তার জন্য আল্লাহ্‌র নিকট কোন বিনময় নেই। প্রশ্নকারী এমন নিঃস্বার্থ লড়াইয়ের কথা শোনে আশ্চর্য হয়ে গেছে এবং বার বার প্রশ্ন করেছে। আর রাসূল (সা) বার বার একই উত্তর দিয়েছেন। সবশেষে তিনি নিশ্চিত করার জন্য বললেন ঃ আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য খালেছভাবে কোন আমল না করলে তিনি তা কবুল করেন না এবং তার কোন বিনিময়ও দেবেন না। এ কথাটিকে সংক্ষেপে 'জিহাদ ফী সাবীলিল্লাহ বা আল্লাহ্‌র পথে জিহাদ' বলা হয়েছে। উপরোক্ত শর্তাবলী পূরণ করে যে জিহাদ করা হবে তা 'জিহাদ ফী সাবীলিল্লাহ' বলে অভিহিত হবে অন্যথায় তা হবে 'জিহাদ ফী সাবীলিত তাগুত।'

عَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَقُوْلُ اِنَّ اَوَّلَ النَّاسِ يُقْضٰى يَوْمَ الْقِيَامَةِ عَلَيْهِ رَجُلٌ اسْتُشْهِدَ فَاُتِىَ بِهٖ فَعَرَّفَهٗ نِعْمَةً فَعَرَفَهَا قَالَ فَمَا عَمِلْتَ فِيْهَا ؟ قَالَ قَاتَلْتُ فِيْكَ حَتّٰى اسْتُشْهِدْتُّ قَالَ كَذَبْتَ وَلٰكِنْ قَاتَلْتَ اَنْ يُّقَالَ جَرِىْءٌ فَقَدْ قِيْلَ ثُمَّ اُمِرَ بِهٖ فَسُحِبَ عَلٰى وَجْهِهٖ حَتّٰى يُلْقٰى فِى النَّارِ -

হযরত আবু হুরাইরা (রা) বর্ণনা করেন ঃ আমি রাসূলুল্লাহ্ (সা) কে বলতে শুনেছি, কিয়ামতের দিন সর্বপ্রথম ঐ ব্যক্তির ফায়সালা করা হবে, যে যুদ্ধ করে শহীদ হয়েছে। যখন তাকে আল্লাহ্‌র নিকট হাজির করা হবে, তখন আল্লাহ্ তাকে জিজ্ঞেস করবেন ঃ আমি তোমাকে যে সমস্ত নিয়ামত দিয়েছিলাম তুমি কিভাবে তার হক আদায় করেছো? সে বলবে ঃ আপনার জন্য যুদ্ধ করতে করতে শহীদ হয়েছি। আল্লাহ্ বলবেন ঃ তুমি মিথ্যে কথা বলছো। তুমি এজন্য যুদ্ধ করেছো যে, লোকে তোমাকে সাহসী বীর বলবে ; আর তোমার এ আশা তো পূরণ হয়েছে। অতঃপর আল্লাহ্ তাকে শাস্তির নির্দেশ দেবেন। তখন তাকে চুলের মুঠি ধরে জাহান্নামে নিক্ষেপ করা হবে। (এরপর হাদীসের বাকী অংশ) (আহমদ, মুসলিম)।

www.pathagar.com

এ হাদীসে প্রমাণ হয় যে, অনেক বড়ো ও গুরুত্বপূর্ণ পূণ্যের কাজও নিয়তের কারণে নষ্ট হয়ে যেতে পারে। একলোক জীবন পর্যন্ত দিয়ে দিলেন যার চেয়ে প্রিয় কোন বস্তু আজও পৃথিবীতে নেই। কিন্তু এতো বড়ো কুরবানীর পরও তা ব্যর্থ হয়ে গেলো। কারণ সে এজন্যই জীবন দিয়েছে যে, লোকে তাকে বীর ও অসীম সাহসী বলবে। মূলতঃ বলেছেও তাই। আল্লাহ্র দরবারে উপস্থিত হওয়ার পর সে বুঝলো তার ত্যাগ ও কুরবানী ব্যর্থ হয়ে গেছে। সে আরো বুঝলো, তার চাওয়া আসল মালিকের কাছে না হয়ে অন্যের কাছে হয়েছে। অর্থাৎ সে জীবন যিনি সৃষ্টি করেছেন প্রকৃতপক্ষে তাঁর জন্যই তা উৎসর্গ করা উচিত ছিলো, কিন্তু সামান্য এক বৈষয়িক স্বার্থে তা বিসর্জন দেয়া হয়েছে বিধায় সে শাস্তি পাবার যোগ্য হয়েছে।

عَنْ عَبْدِ اللّٰهِ ابْنِ عَمْرٍو اَنَّهُ قَالَ يَارَسُوْلَ اللّٰهِ ! اَخْبِرْنِىْ عَنِ الْجِهَادِ - فَقَالَ : يَا عَبْدَ اللّٰهِ ابْنِ عَمْرٍو اِنْ قَاتَلْتَ صَابِرًا مُحْتَسِبًا بَعَثَكَ اللّٰهُ صَابِرًا مُحْتَسِبًا - وَاِنْ قَاتَلْتَ مُرَائِيًا مُكَاثِرًا بَعَثَكَ اللّٰهُ مُرَائِيًا مُكَاثِرًا - يَا عَبْدَ اللّٰهِ ابْنِ عَمْرٍو عَلٰى اَىِّ حَالٍ قَاتَلْتَ اَوْ قُتِلْتَ بَعَثَكَ اللّٰهُ عَلٰى تِلْكَ الْحَالِ -

হযরত আবদুল্লাহ্ ইবনে আমর (রা) একবার রাসূলুল্লাহ (সা) কে জিজ্ঞেস করলেন ঃ ইয়া রাসূলাল্লাহ্! আমাকে জিহাদ সম্পর্কে বলুন। রাসূল (সা) বললেনঃ হে আবদুল্লাহ্ ইবনে আমর! তুমি যদি আল্লাহ্র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ধৈর্যের সাথে লড়াই করো, তবে কিয়ামতের দিন আল্লাহ তোমাকে ধৈর্যশীল ও অনুগ্রহপ্রাপ্ত অবস্থায় উঠাবেন। পক্ষান্তরে তুমি যদি সুনাম ও অর্থের লোভে লড়াই করো আল্লাহ্ তোমাকে রিয়াকারী ও অর্থলোভীর প্রতীকে উঠাবেন। হে আবদুল্লাহ্ জেনে রেখো, তুমি যে অভিপ্রায়ে ও যেভাবে যুদ্ধ করবে অথবা যুদ্ধে নিহত হবে, সেভাবে আল্লাহ তোমাকে উঠাবেন। (আবু দাউদ)

সবগুলো হাদীসে পাঁচটি বস্তুর কথা বিভিন্ন ভাবে উল্লেখ করা হয়েছে। যথাঃ- গণীমতের লোভ, বীরত্ব প্রকাশ, রিয়াকারী, জাতীয়বাদী শক্তিকে কায়েম করা এবং জিঘাংসা চরিতার্থ করা। এগুলো কিংবা এর কোন একটিও যদি থাকে তবে

www.pathagar.com

হযরত আবু হুরাইরা (রা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ একবার নবী করীম (সা) আমাদেরকে অভিযানে পাঠাতে গিয়ে বললেনঃ তোমরা যদি অমুক অমুককে (অর্থাৎ কুরাইশ বংশের দু'জন লোককে) পাও তবে তাদেরকে আগুনে পুড়িয়ে ফেলবে। যখন আমরা রওয়ানা দিলাম, তখন তিনি আমাদেরকে ডেকে বললেনঃ তোমাদেরকে অমুক অমুক ব্যক্তিকে আগুনে পুড়িয়ে মারার নির্দেশ দিয়েছিলাম কিন্তু আগুন দিয়ে শাস্তি একমাত্র আল্লাহ্ ছাড়া আর কারো দেবার অধিকার নেই। কাজেই যদি ঐ দু'জনকে পাও তবে তাদেরকে হত্যা করে ফেলবে। (বুখারী, তিরমিযি, আবু দাউদ)

লাশ বিকৃত করা

عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ يَزِيْدِ الْاَنْصَارِىْ قَالَ : نَهَى النَّبِىُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ النُّهْبٰى وَالْمُثْلَةَ -

www.pathagar.com

হযরত আবদুল্লাহ্ ইবনে ইয়াজিদ আনসারী (রা) বর্ণনা করেছেন ঃ নবী করীম (সা) লুটতরাজ ও লাশ বিকৃত করতে নিষেধ করেছেন। (বুখারী)

আল্লামা আবু ইয়ালা (রহ) তার 'আহকামুস্ সুলতানিয়া' নামক গ্রন্থে বলেছেন ঃ ইসলামী সেনাবাহিনীর সেনাপতির দায়িত্ব হচ্ছে যুদ্ধে নিহত কাফেরদের লাশসমূহ পুড়িয়ে ফেলার পরিবর্তে সেগুলো মাটিতে গর্ত করে পুতে ফেলবেন। কেননা বদর যুদ্ধের সময় নবী করীম (সা) কাফির ও মুশরিকদের লাশ পরিত্যাক্ত কূপে ফেলে মাটি চাপা দিয়েছিলেন।

হাত পা বেধে হত্যা

عَنْ اَبِىْ يَعْلٰى قَالَ : غَزَوْنَا مَعَ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ خَالِدِ بْنِ الْوَلِيْدِ فَاُتِىَ بِاَرْبَعَةِ اَعْلَاجٍ مِنَ الْعَدُوِّ فَاَمَرَ بِهِمْ فَقُتِلُوْا صَبْرًا بِالنَّبْلِ - فَبَلَغَ ذَالِكَ اَبَا اَيُّوْبَ الْاَنْصَارِىْ فَقَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهٰى عَنْ قَتْلِ الصَّبْرِ فَوَ الَّذِىْ نَفْسِىْ بِيَدِهٖ لَوْ كَانَتْ دَجَاجَةٌ مَا صَبَرْتُهَا فَبَلَغَ ذَالِكَ عَبْدِ الرَّحْمٰنِ فَاَعْتَقَ اَرْبَعَ رِقَابٍ -

আবু ইয়ালা (রহ) বর্ণনা করেছেন ঃ আমি আবদুর রহমান ইবনে খলিদ বিন ওয়ালিদের সাথে যুদ্ধে গিয়েছিলাম। এক সুযোগে শত্রুপক্ষের চারজন শক্তিশালী যুবক আমাদের হাতে ধৃত হয়। আবদুর রহমান (রহ) বললেন ঃ তাদেরকে বেধে হত্যা করা হবে। একথা যখন হযরত আবু আইউব আনসারী (রাা) এর কর্ণ গোচর হলো, তখন তিনি বললেন ঃ আমি রাসূলুল্লাহ্ (সা) কে বলতে শুনেছি, তোমরা বেধে হত্যা করো না। আল্লাহ্র শপথ! আমি একটি মুরগীকেও বেধে হত্যা করা পছন্দ করিনা। এ কথা যখন আবদুর রহমান শুনলেন ঃ তখন ঐ চার ব্যক্তিকে তিনি মুক্ত করে দিলেন।

(আবু দাউদ)

www.pathagar.com

হযরত আবদুল্লাহ্ ইবনে ইয়াজিদ আনসারী (রা) বর্ণনা করেছেন ঃ নবী করীম (সা) লুটতরাজ ও লাশ বিকৃত করতে নিষেধ করেছেন। (বুখারী)

আল্লামা আবু ইয়ালা (রহ) তার 'আহকামুস্ সুলতানিয়া' নামক গ্রন্থে বলেছেন ঃ ইসলামী সেনাবাহিনীর সেনাপতির দায়িত্ব হচ্ছে যুদ্ধে নিহত কাফেরদের লাশসমূহ পুড়িয়ে ফেলার পরিবর্তে সেগুলো মাটিতে গর্ত করে পুতে ফেলবেন। কেননা বদর যুদ্ধের সময় নবী করীম (সা) কাফির ও মুশরিকদের লাশ পরিত্যাক্ত কূপে ফেলে মাটি চাপা দিয়েছিলেন।

হাত পা বেধে হত্যা

عَنْ اَبِیْ یَعْلٰی قَالَ : غَزَوْنَا مَعَ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ خَالِدِ بْنِ الْوَلِیْدِ فَاُتِیَ بِاَرْبَعَةِ اَعْلَاجٍ مِنَ الْعَدُوِّ فَاَمَرَ بِهِمْ فَقُتِلُوْا صَبْرًا بِالنَّبْلِ - فَبَلَغَ ذَالِكَ اَبَا اَیُّوْبَ الْاَنْصَارِیْ فَقَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَیْهِ وَسَلَّمَ یَنْهٰى عَنْ قَتْلِ الصَّبْرِ فَوَ الَّذِیْ نَفْسِیْ بِیَدِهٖ لَوْ كَانَتْ دَجَاجَةٌ مَا صَبَرْتُهَا فَبَلَغَ ذَالِكَ عَبْدَ الرَّحْمٰنِ فَاَعْتَقَ اَرْبَعَ رِقَابٍ -

আবু ইয়ালা (রহ) বর্ণনা করেছেন ঃ আমি আবদুর রহমান ইবনে খলিদ বিন ওয়ালিদের সাথে যুদ্ধে গিয়েছিলাম। এক সুযোগে শত্রুপক্ষের চারজন শক্তিশালী যুবক আমাদের হাতে ধৃত হয়। আবদুর রহমান (রহ) বললেন ঃ তাদেরকে বেধে হত্যা করা হবে। একথা যখন হযরত আবু আইউব আনসারী (রাা) এর কর্ণ গোচর হলো, তখন তিনি বললেন ঃ আমি রাসূলুল্লাহ্ (সা) কে বলতে শুনেছি, তোমরা বেধে হত্যা করো না। আল্লাহ্র শপথ! আমি একটি মুরগীকেও বেধে হত্যা করা পছন্দ করিনা। এ কথা যখন আবদুর রহমান শুনলেন ঃ তখন ঐ চার ব্যক্তিকে তিনি মুক্ত করে দিলেন।

(আবু দাউদ)

www.pathagar.com

দূতকে হত্যা করা

عَنْ نَعِيْمِ بْنِ مَسْعُوْدِ الْاَشْجَعِيِّ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ لِرَسُوْلِيْ مُسَيْلَمَةَ حِيْنَ قَرَأَ كِتَابَهُ مَاتَقُوْلاَنِ قَالَ نَقُوْلاَنِ كَمَا قَالَ قَالَ : اَمَا وَاللّٰهِ لَوْ لاَ اَنَّ الرُّسُلَ لاَتُقْتَلُ لَضَرَبْتُ اَعْنَاقَكُمَا -

নুয়াইম বিন মাসউদ আসজায়ি (রা) থেকে বর্ণিত, তিনি বলেন ঃ যখন মুসায়লামা কাজ্জাবের দু'জন দূত তার পয়গাম নিয়ে উপস্থিত হলো, তখন আমি নবী করীম (সা) কর্তৃক দূত দু'জনকে জিজ্ঞেস করতে শুনেছি ঃ মুসায়লামার ব্যাপারে তোমরা কি বলো? তারা বললো ঃ আমরাতো তাই বলি, যার দাওয়াত তিনি দেন। (অর্থাৎ তারা ঐ মিথ্যাবাদীকে নবী মানে)। নবী করীম (সা) তাদের দুজনকে লক্ষ্য করে বললেন ঃ যদি দূত হত্যা গর্হিত কাজ না হতো তবে আমি তোমাদের দু'জনের গর্দান উড়িয়ে দিতাম। (আবু দাউদ, আহমদ)

মুসায়লামা কাজ্জাব একজন ভণ্ড নবী ছিলো, হযরত আবু বকর (রা) এর নেতৃত্বে যুদ্ধ করে তাকে ও তার সাঙ্গপাঙ্গদেরকে হত্যা করা হয়। কিন্তু ঐ কুলাঙ্গারের দূতকে আপত্তিকর বক্তব্য প্রদানের পরও হত্যা করা হয়নি। শুধু তাই নয় কোন দূতকে হত্যা করা যাবে না বলে নবী করীম (সা) আইন প্রণয়ন করে গিয়েছেন। আজকের এ সভ্য সমাজ এ ব্যাপারেও ইসলামের কাছে ঋণী। কেননা ইসলাম সর্বপ্রথম দূতের মর্যাদাকে প্রতিষ্ঠিত করেছে।

ইসলাম গ্রহণকারীকে হত্যা

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا اِذَا ضَرَبْتُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَتَبَيَّنُوْا وَلاَتَقُوْلُوْا لِمَنْ اَلْقٰى اِلَيْكُمُ السَّلٰمَ لَسْتَ مُؤْمِنًا (ج)

হে ঈমানদারগণ! যখন তোমরা আল্লাহ্র পথে জিহাদ করো এবং আক্রমণ চালাও তখন (শত্রু মিত্রদের মধ্যে) পার্থক্য করো। যে তোমাদেরকে 'সালাম' বলে, হুট করেই তাদেরকে বলে দিয়ো না যে, তুমি মুমিন নও।

www.pathagar.com

দূতকে হত্যা করা

عَنْ نَعِيْمِ بْنِ مَسْعُوْدِ الْاَشْجَعِيِّ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ لِرَسُوْلِيْ مُسَيْلَمَةَ حِيْنَ قَرَأَ كِتَابَهُ مَاتَقُوْلَانِ قَالَ نَقُوْلَانِ كَمَا قَالَ قَالَ : اَمَا وَاللّٰهِ لَوْ لَا اَنَّ الرُّسُلَ لَاتُقْتَلُ لَضَرَبْتُ اَعْنَاقَكُمَا -

নুয়াইম বিন মাসউদ আসজায়ি (রা) থেকে বর্ণিত, তিনি বলেন ঃ যখন মুসায়লামা কাজ্জাবের দু'জন দূত তার পয়গাম নিয়ে উপস্থিত হলো, তখন আমি নবী করীম (সা) কর্তৃক দূত দু'জনকে জিজ্ঞেস করতে শুনেছি ঃ মুসায়লামার ব্যাপারে তোমরা কি বলো? তারা বললো ঃ আমরাতো তাই বলি, যার দাওয়াত তিনি দেন। (অর্থাৎ তারা ঐ মিথ্যাবাদীকে নবী মানে)। নবী করীম (সা) তাদের দুজনকে লক্ষ্য করে বললেন ঃ যদি দূত হত্যা গর্হিত কাজ না হতো তবে আমি তোমাদের দু'জনের গর্দান উড়িয়ে দিতাম। (আবু দাউদ, আহমদ)

মুসায়লামা কাজ্জাব একজন ভণ্ড নবী ছিলো, হযরত আবু বকর (রা) এর নেতৃত্বে যুদ্ধ করে তাকে ও তার সাঙ্গপাঙ্গদেরকে হত্যা করা হয়। কিন্তু ঐ কুলাঙ্গারের দূতকে আপত্তিকর বক্তব্য প্রদানের পরও হত্যা করা হয়নি। শুধু তাই নয় কোন দূতকে হত্যা করা যাবে না বলে নবী করীম (সা) আইন প্রণয়ন করে গিয়েছেন। আজকের এ সভ্য সমাজ এ ব্যাপারেও ইসলামের কাছে ঋণী। কেননা ইসলাম সর্বপ্রথম দূতের মর্যাদাকে প্রতিষ্ঠিত করেছে।

ইসলাম গ্রহণকারীকে হত্যা

يٰاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا اِذَا ضَرَبْتُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ فَتَبَيَّنُوْا وَلَاتَقُوْلُوْا لِمَنْ اَلْقٰى اِلَيْكُمُ السَّلٰمَ لَسْتَ مُؤْمِنًا (ج)

হে ঈমানদারগণ! যখন তোমরা আল্লাহ্র পথে জিহাদ করো এবং আক্রমণ চালাও তখন (শত্রু মিত্রদের মধ্যে) পার্থক্য করো। যে তোমাদেরকে 'সালাম' বলে, হুট করেই তাদেরকে বলে দিয়ো না যে, তুমি মুমিন নও।

www.pathagar.com

عَنْ عُقْبَةَ بْنِ مَالِكٍ رَضِيَ اللّٰهُ عَنْهُ اَنَّ سَرِيَّةً لِرَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ غَشُوْا اَهْلَ مَاءٍ صَبْحًا فَبَرَزَ رَجُلٌ مِّنْ اَهْلِ الْمَاءِ فَحَمَلَ عَلَيْهِ رَجُلٌ مِّنَ الْمُسْلِمِيْنَ، فَقَالَ اِنِّيْ مُسْلِمٌ فَقَتَلَهُ فَلَمَّا قَدِمُوْا اَخْبَرُوا النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَالِكَ فَقَامَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطِيْبًا فَحَمِدَ اللّٰهَ وَاَثْنٰى عَلَيْهِ ثُمَّ قَالَ : اَمَّا بَعْدُ فَمَا بَالُ الْمُسْلِمِ يَقْتُلُ الرَّجُلَ وَهُوَ يَقُوْلُ : اِنِّيْ مُسْلِمٌ فَقَالَ اِنَّمَا قَالَهَا مُتَعَوِّذًا فَصَرَفَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجْهَهُ وَمَدَّ يَدَهُ الْيُمْنٰى (وَفِيْ لَفْظٍ فَاَقْبَلَ عَلَيْهِ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعْرِفُ الْمَسَاءَةَ فِيْ وَجْهِهِ) وَقَالَ اَبَى اللّٰهُ عَلٰى مَنْ قَتَلَ مُسْلِمًا ثَلَاثَ مَرَّاتٍ -

(مسند احمد)

হযরত উকবা বিন আমের (রা) থেকে বর্ণিত, একদল যুদ্ধা নবী করীম (সা) এর অনুমতিক্রমে ছাবহা ঝর্ণার অধিবাসীকে অবরোধ করে ফেলেন। সেখানকার অধিবাসী এক ব্যক্তি বাইরে বেরিয়ে এলো। তখন এক মুসলিম সৈনিক তাকে আক্রমণ করলো। সে চীৎকার করে বললো আমি মুসলমান। কিন্তু সৈনিকটি তাকে হত্যা করে ফেললো। যখন তারা মদীনায় প্রত্যাবর্তন করলো তখন নবী করীম (সা) কে এ ঘটনা অবহিত করানো হলো। তিনি ঘটনা শোনে রাগে অগ্নিশর্মা হয়ে গেলেন এবং মিম্বরে দাড়িয়ে বক্তৃতা দিলেন। আল্লাহ্‌র হামদ ও সানা পেশের পর ইরশাদ করলেন ঃ এটি কি ধরনের ঘটনা, একজন মুসলমানকে আরেকজন মুসলমান হত্যা করে দেবে, তার স্বীকৃতি দানের পরও? যে ব্যক্তি হত্যা করেছিলো, সে দাঁড়িয়ে বললো ঃ সেতো শুধু আত্মরক্ষা করার কৌশল হিসেবে নিজেকে মুসলমান বলে পেশ করেছে। রাসূল (সা) তার দিকে

www.pathagar.com

عَنْ عُقْبَةَ بْنِ مَالِكٍ رَضِيَ اللّٰهُ عَنْهُ اَنَّ سَرِيَّةً لِرَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ غَشُوْا اَهْلَ مَاءٍ صُبْحًا فَبَرَزَ رَجُلٌ مِّنْ اَهْلِ الْمَاءِ فَحَمَلَ عَلَيْهِ رَجُلٌ مِّنَ الْمُسْلِمِيْنَ، فَقَالَ اِنِّيْ مُسْلِمٌ فَقَتَلَهُ فَلَمَّا قَدِمُوْا اَخْبَرُوا النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَالِكَ فَقَامَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطِيْبًا فَحَمِدَ اللّٰهَ وَاَثْنٰى عَلَيْهِ ثُمَّ قَالَ : اَمَّا بَعْدُ فَمَا بَالُ الْمُسْلِمِ يَقْتُلُ الرَّجُلَ وَهُوَ يَقُوْلُ : اِنِّيْ مُسْلِمٌ فَقَالَ اِنَّمَا قَالَهَا مُتَعَوِّذًا فَصَرَفَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجْهَهُ وَمَدَّ يَدَهُ الْيُمْنٰى (وَفِيْ لَفْظٍ فَاَقْبَلَ عَلَيْهِ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعْرَفُ الْمَسَاءَةَ فِيْ وَجْهِهِ) وَقَالَ اَبَى اللّٰهُ عَلٰى مَنْ قَتَلَ مُسْلِمًا ثَلَاثَ مَرَّاتٍ -

(مسند احمد)

হযরত উকবা বিন আমের (রা) থেকে বর্ণিত, একদল যুদ্ধা নবী করীম (সা) এর অনুমতিক্রমে ছাবহা ঝর্ণার অধিবাসীকে অবরোধ করে ফেলেন। সেখানকার অধিবাসী এক ব্যক্তি বাইরে বেরিয়ে এলো। তখন এক মুসলিম সৈনিক তাকে আক্রমণ করলো। সে চীৎকার করে বললো আমি মুসলমান। কিন্তু সৈনিকটি তাকে হত্যা করে ফেললো। যখন তারা মদীনায় প্রত্যাবর্তন করলো তখন নবী করীম (সা) কে এ ঘটনা অবহিত করানো হলো। তিনি ঘটনা শোনে রাগে অগ্নিশর্মা হয়ে গেলেন এবং মিম্বরে দাড়িয়ে বক্তৃতা দিলেন। আল্লাহ্‌র হামদ ও সানা পেশের পর ইরশাদ করলেন ঃ এটি কি ধরনের ঘটনা, একজন মুসলমানকে আরেকজন মুসলমান হত্যা করে দেবে, তার স্বীকৃতি দানের পরও? যে ব্যক্তি হত্যা করেছিলো, সে দাঁড়িয়ে বললো ঃ সেতো শুধু আত্মরক্ষা করার কৌশল হিসেবে নিজেকে মুসলমান বলে পেশ করেছে। রাসূল (সা) তার দিকে

www.pathagar.com

ঘুরে দাঁড়িয়ে এবং ডান হাত দিয়ে ইশারা করে [অন্য বর্ণনায় আছে– রাসূল (সা) তার দিকে অগ্রসর হলেন, এবং বিরক্তমাখা কণ্ঠে] বললেন ঃ যে মুসলমানকে হত্যা করবে আল্লাহ্ তাকে মা'ফ করবেন না। এ কথাটি তিনবার বললেন।

(মুসনাদে আহমদ)

গনিমতের মালের খেয়ানত

আল্লাহ্ রাব্বুল আলামীন ইরশাদ করেন ঃ

مَنْ يَغْلُلْ يَأْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيَامَةِ –

যে ব্যক্তি গণিমতের মাল চুরি করবে, সে কিয়ামতের দিন তার চুরিকৃত মাল সহ হাজির হবে। (সূরা আলে ইমরান ঃ ১৬১)

عَنْ عُبَادَةَ ابْنِ صَامِتٍ اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : لَاتَغُلُّوْا فَاِنَّ الْغُلُوْلَ نَارٌ وَعَارٌ عَلٰى اَصْحَابِهِ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ –

হযরত উবাদা ইবনে সামিত (রা) হতে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বারবার বলতেন ঃ তোমরা গণিমতের মাল থেকে কিছু চুরি করোনা (অন্য বর্ণনায় আছে এমনকি সুই সুতাও না)। কেননা তা দুনিয়া ও আখিরাতে লাঞ্ছনার কারণ হবে।

(মুসনাদে আহমদ)

عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ : تُوُفِّىَ رَجُلٌ مِّنْ اَصْحَابِ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ خَيْبَرَ فَذَكَرَ لِرَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ : صَلُّوْا عَلٰى صَاحِبِكُمْ فَتَغَيَّرَتْ وُجُوْهُ النَّاسِ لِذَالِكَ فَقَالَ ان صَاحِبَكُمْ قَدْ غَلَّ فِىْ سَبِيْلِ اللّٰهِ تَعَالٰى فَفَتَّشْنَا مَتَاعَهُ فَوَجَدْنَاهُ قَدْ غَلَّ خَرَزًا مِنْ خَرَزِ يَهُوْدٍ لَايُسَاوِىْ دِرْهَمَيْنِ (مالك؛ ابو داؤد ؛ نسائى)

ঘুরে দাঁড়িয়ে এবং ডান হাত দিয়ে ইশারা করে [অন্য বর্ণনায় আছে– রাসূল (সা) তার দিকে অগ্রসর হলেন, এবং বিরক্তমাখা কণ্ঠে] বললেন ঃ যে মুসলমানকে হত্যা করবে আল্লাহ্ তাকে মা'ফ করবেন না। এ কথাটি তিনবার বললেন।

(মুসনাদে আহমদ)

গনিমতের মালের খেয়ানত

আল্লাহ্ রাব্বুল আলামীন ইরশাদ করেন ঃ

مَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيَامَةِ -

যে ব্যক্তি গণিমতের মাল চুরি করবে, সে কিয়ামতের দিন তার চুরিকৃত মাল সহ হাজির হবে। (সূরা আলে ইমরান ঃ ১৬১)

عَنْ عُبَادَةَ ابْنِ صَامِتٍ اَنَّ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : لاَتَغُلُّوْا فَاِنَّ الْغُلُوْلَ نَارٌ وَعَارٌ عَلٰى اَصْحَابِهٖ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ -

হযরত উবাদা ইবনে সামিত (রা) হতে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা) বারবার বলতেন ঃ তোমরা গণিমতের মাল থেকে কিছু চুরি করোনা (অন্য বর্ণনায় আছে এমনকি সুই সুতাও না)। কেননা তা দুনিয়া ও আখিরাতে লাঞ্ছনার কারণ হবে।

(মুসনাদে আহমদ)

عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ : تُوُفِّىَ رَجُلٌ مِّنْ اَصْحَابِ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ خَيْبَرَ فَذُكِرَ لِرَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ : صَلُّوْا عَلٰى صَاحِبِكُمْ فَتَغَيَّرَتْ وُجُوْهُ النَّاسِ لِذَالِكَ فَقَالَ ان صَاحِبَكُمْ قَدْ غَلَّ فِىْ سَبِيْلِ اللّٰهِ تَعَالٰى فَفَتَّشْنَا مَتَاعَهٗ فَوَجَدْنَاهُ قَدْ غَلَّ خَرَزًا مِنْ خَرَزِ يَهُوْدٍ لاَيُسَاوِىْ دِرْهَمَيْنِ (مالك؛ ابو داؤد ؛ نسائى)

www.pathagar.com

হযরত যায়দ ইবনে খালেদ (রা) বর্ণনা করেন ঃ খায়বার যুদ্ধের জনৈক সাহাবীর মৃত্যু হলো। খবরটি রাসূল (সা) এর কর্ণগোচর হলে তিনি বললেন ঃ তোমাদের সঙ্গীর জানাযা তোমরাই পড়ো (আমি পড়বোনা)। এতে সকলের চেহারা বিবর্ণ হয়ে গেলো (কারণ তার উপস্থিতিতে অন্যের ইমামতের প্রশ্নই উঠেনা)। তখন তিনি বললেন ঃ তোমাদের এ সাথী আল্লাহর পথে গনিমতের মাল থেকে চুরি করেছে। বর্ণনাকারী বলেন ঃ আমরা ঐ ব্যক্তির আসবাবপত্র তল্লাসী করে একটি চামড়ার রশি পেলাম যা জনৈক ইহুদীর ছিলো। যার মূল্য দু দিরহামও ছিলো না। (মালেক, আবু দাউদ, নাসাঈ)

লুটতরাজ

عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ عَنْ أَبِيْهِ عَنْ رَجُلٍ مِنَ الْأَنْصَارِ قَالَ : خَرَجْنَا مَعَ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيْ سَفَرٍ فَأَصَابَ النَّاسَ حَاجَةٌ شَدِيْدَةٌ وَجَهْدٌ فَأَصَابُوْا غَنَمًا فَانْتَهَبُوْهَا فَإِنَّ قُدُوْرَنَا لَتَغْلِيْ إِذْ جَاءَ نَا رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِيْ فَأَكْفَأَ الْقُدُوْرَ بِقَوْسِهِ ثُمَّ جَعَلَ يُرَمِّلُ اللَّحْمَ بِالتُّرَابِ ثُمَّ قَالَ إِنَّ النُّهْبَةَ لَيْسَتْ بِأَحَلَّ مِنَ الْمَيْتَةِ- (ابو داؤد)

হযরত আসেম বিন কুলাইব, তার পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি এক আনসার সাহাবী থেকে বর্ণনা করেছেন তিনি বলেছেন–আমরা নবী করীম (সা) এর সাথে একবার এক সফরে ছিলাম। সে সফরে লোকজন খুব কষ্ট স্বীকার করেছিলো, এমনকি তাদের খাদ্যের পরিমাণও ছিলো খুব সামান্য। যাহোক পথিমধ্যে এক পাল ছাগল দেখে লোকেরা সেগুলোকে লুট করে নিয়ে যবেহ করে রান্না করতে লাগলো। এমন সময় নবী করীম (সা) সেখানে তাশরীফ আনলেন। এসে লাঠি দিয়ে চুলা থেকে সমস্ত হাড়ি উল্টিয়ে ফেলে দিলেন, গোশ্তগুলো মাটিতে পড়ে রইলো। তারপর তিনি বললেন ঃ লুটের মাল মৃত জন্তুর চেয়ে ভালো নয়।

(আবু দাউদ)

www.pathagar.com

হযরত যায়দ ইবনে খালেদ (রা) বর্ণনা করেন ঃ খায়বার যুদ্ধের জনৈক সাহাবীর মৃত্যু হলো। খবরটি রাসূল (সা) এর কর্ণগোচর হলে তিনি বললেন ঃ তোমাদের সঙ্গীর জানাযা তোমরাই পড়ো! (আমি পড়বোনা)। এতে সকলের চেহারা বিবর্ণ হয়ে গেলো (কারণ তার উপস্থিতিতে অন্যের ইমামতের প্রশ্নই উঠেনা)। তখন তিনি বললেন ঃ তোমাদের এ সাথী আল্লাহ্‌র পথে গনিমতের মাল থেকে চুরি করেছে। বর্ণনাকারী বলেন ঃ আমরা ঐ ব্যক্তির আসবাবপত্র তল্লাসী করে একটি চামড়ার রশি পেলাম যা জনৈক ইহুদীর ছিলো। যার মূল্য দু দিরহামও ছিলো না। (মালেক, আবু দাউদ, নাসাঈ)

লুটতরাজ

عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ عَنْ أَبِيْهِ عَنْ رَجُلٍ مِنَ الْأَنْصَارِ قَالَ : خَرَجْنَا مَعَ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيْ سَفَرٍ فَأَصَابَ النَّاسَ حَاجَةٌ شَدِيْدَةٌ وَجَهْدٌ فَأَصَابُوْا غَنَمًا فَانْتَهَبُوْهَا فَإِنَّ قُدُوْرَنَا لَتَغْلِيْ إِذْ جَاءَ نَا رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِيْ فَأَكْفَأَ الْقُدُوْرَ بِقَوْسِهٖ ثُمَّ جَعَلَ يُرَمِّلُ اللَّحْمَ بِالتُّرَابِ ثُمَّ قَالَ إِنَّ النُّهْبَةَ لَيْسَتْ بِأَحَلَّ مِنَ الْمَيْتَةِ- (ابو داؤد)

হযরত আসেম বিন কুলাইব, তার পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি এক আনসার সাহাবী থেকে বর্ণনা করেছেন তিনি বলেছেন–আমরা নবী করীম (সা) এর সাথে একবার এক সফরে ছিলাম। সে সফরে লোকজন খুব কষ্ট স্বীকার করেছিলো, এমনকি তাদের খাদ্যের পরিমাণও ছিলো খুব সামান্য। যাহোক পথিমধ্যে এক পাল ছাগল দেখে লোকেরা সেগুলোকে লুট করে নিয়ে যবেহ্ করে রান্না করতে লাগলো। এমন সময় নবী করীম (সা) সেখানে তাশরীফ আনলেন। এসে লাঠি দিয়ে চুলা থেকে সমস্ত হাড়ি উল্টিয়ে ফেলে দিলেন, গোশ্‌তগুলো মাটিতে পড়ে রইলো। তারপর তিনি বললেন ঃ লুটের মাল মৃত জন্তুর চেয়ে ভালো নয়।

(আবু দাউদ)

www.pathagar.com

হত্যযজ্ঞ বা বিপর্যয় সৃষ্টি করা

اِذَا تَوَلّٰى سَعٰى فِى الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ (ط) وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ـ

যখন তারা ফিরে যায় তখন চেষ্টা করে যাতে সেখানে অকল্যাণ সৃষ্টি করতে পারে, শস্যক্ষেত ধ্বংস এবং প্রাণনাশ করতে পারে। আল্লাহ্ ফাসাদ ও দাঙ্গা হাঙ্গামা পছন্দ করেন না। (সূরা আল বাকারা ঃ ২০৫)

تِلْكَ الدَّارُ الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِى الْاَرْضِ وَلَا فَسَادًا (ط) وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ـ

আমি পরকালের ঘর তাদের জন্যই রেখেছি, যারা পৃথিবীতে ঔদ্ধত্য ও অনর্থ সৃষ্টি করতে চায়না। মুত্তাকী লোকদের পরিণামই শুভ। (সূরা কাসাস ঃ ৮৩)

عَنْ ثَوْبَانَ مَوْلٰى رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ اَنَّهُ سَمِعَ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ مَنْ قَتَلَ صَغِيْرًا اَوْ كَبِيْرًا اَوْ اَحْرَقَ نَخْلًا اَوْ قَطَعَ شَجَرَةً مُثْمِرَةً اَوْ ذَبَحَ شَاةً لِاِهَابِهَا لَمْ يَرْجِعْ كَفَافًا ـ

রাসূলুল্লাহ্ (সা) এর মুক্ত করা গোলাম হযরত সাওবান (রা) বর্ণনা করেছেন যে, আমি রাসূলুল্লাহ (সা) কে বলতে শুনেছি– যে ব্যক্তি কোন শিশু কিংবা অতিবৃদ্ধকে হত্যা করবে, খেজুর গাছসমূহ জ্বালিয়ে দেবে, ফলবান বৃক্ষ কেটে ফেলবে এবং শুধু চামড়া সংগ্রহের জন্য ছাগল যবেহ করবে, সে জিহাদের কোন সওয়াবই পাবেনা। (বরং উল্টা গুণাহ্গার হবে)। (মুসনাদে আহমদ)

عَنْ يَحْيٰى بْنِ سَعِيْدٍ اَنَّ اَبَا بَكْرٍ بَعَثَ جُيُوْشًا اِلَى الشَّامِ، فَخَرَجَ يَمْشِىْ مَعَ يَزِيْدَ بْنِ اَبِىْ سُفْيَانَ فَقَالَ : اِنِّىْ مُوْصِيْكَ

www.pathagar.com

হত্যযজ্ঞ বা বিপর্যয় সৃষ্টি করা

إِذَا تَوَلَّى سَعَىٰ فِي الْأَرْضِ لِيُفْسِدَ فِيهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ (ط) وَاللَّهُ لَا يُحِبُّ الْفَسَادَ -

যখন তারা ফিরে যায় তখন চেষ্টা করে যাতে সেখানে অকল্যাণ সৃষ্টি করতে পারে, শস্যক্ষেত ধ্বংস এবং প্রাণনাশ করতে পারে। আল্লাহ্ ফাসাদ ও দাঙ্গা হাঙ্গামা পছন্দ করেন না। (সূরা আল বাকারা ঃ ২০৫)

تِلْكَ الدَّارُ الْآخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِينَ لَا يُرِيدُونَ عُلُوًّا فِي الْأَرْضِ وَلَا فَسَادًا (ط) وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ -

আমি পরকালের ঘর তাদের জন্যই রেখেছি, যারা পৃথিবীতে ঔদ্ধত্য ও অনর্থ সৃষ্টি করতে চায়না। মুত্তাকী লোকদের পরিণামই শুভ। (সূরা কাসাস ঃ ৮৩)

عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ قَتَلَ صَغِيرًا أَوْ كَبِيرًا أَوْ أَحْرَقَ نَخْلًا أَوْ قَطَعَ شَجَرَةً مُثْمِرَةً أَوْ ذَبَحَ شَاةً لِإِهَابِهَا لَمْ يَرْجِعْ كَفَافًا -

রাসূলুল্লাহ্ (সা) এর মুক্ত করা গোলাম হযরত সাওবান (রা) বর্ণনা করেছেন যে, আমি রাসূলুল্লাহ (সা) কে বলতে শুনেছি– যে ব্যক্তি কোন শিশু কিংবা অতিবৃদ্ধকে হত্যা করবে, খেজুর গাছসমূহ জ্বালিয়ে দেবে, ফলবান বৃক্ষ কেটে ফেলবে এবং শুধু চামড়া সংগ্রহের জন্য ছাগল যবেহ করবে, সে জিহাদের কোন সওয়াবই পাবেনা। (বরং উল্টা গুণাহ্গার হবে)। (মুসনাদে আহমদ)

عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ أَبَا بَكْرٍ بَعَثَ جُيُوشًا إِلَى الشَّامِ، فَخَرَجَ يَمْشِي مَعَ يَزِيدَ بْنِ أَبِي سُفْيَانَ فَقَالَ : إِنِّي مُوصِيكَ

بِعَشْرِ خِلَالٍ : لاتَقْتُلِ امْرَأَةً وَلَاصَبِيًّا ، وَلَا كَبِيْرًا هَرَمًا ، وَلَاتَقْطَعْ شَجَرًا مُثْمِرًا وَلَاتَخْرِبْ عامرا ، وَلاتَعْقِرَنَّ شَاةً وَلَا بَعِيْرًا اِلَّا لِمَاكَلَةٍ وَلَا تَعْقِرَنَّ نَخْلًا وَلَاتُحْرِقْهُ ، وَلَاتَغْلُلْ وَلَاتَجْبُنَّ (

موطا امام مالك)

হযরত ইয়াহ্ইয়া বিন সাঈদ (রা) থেকে বর্ণিত, হযরত আবু বকর (রা) এক অভিযানে সামে (সিরিয়ায়) সৈন্য প্রেরণ করেন। তাদের বিদায় বেলা ইয়াজিত বিন আবু সুফিয়ানের সাথে কিছুদূর পায়ে হেটে এগিয়ে দেন। ইয়াজিদ ঐ সেনাবাহিনীর এক চতুর্থাংশের অধিনায়ক ছিলেন। আবু বকর (রা) তাকে দশটি উপদেশ দিয়েছিলেন। মহিলা, শিশু ও অতিবৃদ্ধকে হত্যা না করা, ফলবান কোন গাছ না কাটা, কোন জনপ্দকে বিরান না করা, খাওয়ার প্রয়োজন ছাড়া কোন ছাগল অথবা উট যবেহ্ না করা, খেজুর বাগান ধ্বংস না করা, কিংবা পুড়িয়ে না দেয়া, মালে গণিমত চুরি না করা এবং যুদ্ধের ময়দান থেকে পালিয়ে না যাওয়া। (মুয়াত্তা, ইমাম মালেক)

অবশ্য বনু নাযীরের খেজুর বাগান ধ্বংস প্রসঙ্গে আল কুরআনে যে আলোচনা করা হয়েছে এবং কিছু হাদীসে কোন কোন জনপদে অতর্কিত আক্রমণ পরিচালনা করে ধ্বংস করার ব্যাপারে যে সব আলোচনা এসেছে, তা ছিলো সামান্য কিছু ব্যতিক্রমী ঘটনা মাত্র। স্থান কাল পাত্র ভেদে ব্যতিক্রমী ঘটনা। আর উপরোক্ত আলোচনা হচ্ছে ইসলামের যুদ্ধনীতির অন্তর্ভূক্ত মূলনীতি সংক্রান্ত অন্যতম একটি নীতি। সব জায়গায় এবং সব যুগেই কিছু ব্যতিক্রমী ঘটনা থাকে। ব্যতিক্রমতো ব্যতিক্রমই, তা কখানো আইনের মর্যাদা লাভ করতে পারে না।

www.pathagar.com

بِعَشْرِ خِلَالٍ : لاتَقْتُلِ امْرَأَةً وَلَاصَبِيًّا ، وَلَا كَبِيْرًا هَرَمًا ، وَلَاتَقْطَعْ شَجَرًا مُثْمِرًا وَلَاتَخْرِبْ عامرا ، وَلَاتَعْقِرَنَّ شَاةً وَلَا بَعِيْرًا اِلَّا لِمَاكَلَةٍ وَلَا تَعْقِرَنَّ نَخْلًا وَلَاتُحْرِقَنَّهُ ، وَلَاتَغْلُلْ وَلَاتَجْبُنْ (

موطا امام مالك)

হযরত ইয়াহ্ইয়া বিন সাঈদ (রা) থেকে বর্ণিত, হযরত আবু বকর (রা) এক অভিযানে সামে (সিরিয়ায়) সৈন্য প্রেরণ করেন। তাদের বিদায় বেলা ইয়াজিত বিন আবু সুফিয়ানের সাথে কিছুদূর পায়ে হেটে এগিয়ে দেন। ইয়াজিদ ঐ সেনাবাহিনীর এক চতুর্থাংশের অধিনায়ক ছিলেন। আবু বকর (রা) তাকে দশটি উপদেশ দিয়েছিলেন। মহিলা, শিশু ও অতিবৃদ্ধকে হত্যা না করা, ফলবান কোন গাছ না কাটা, কোন জনপদকে বিরান না করা, খাওয়ার প্রয়োজন ছাড়া কোন ছাগল অথবা উট যবেহ্ না করা, খেজুর বাগান ধ্বংস না করা, কিংবা পুড়িয়ে না দেয়া, মালে গণিমত চুরি না করা এবং যুদ্ধের ময়দান থেকে পালিয়ে না যাওয়া। (মুয়াত্তা, ইমাম মালেক)

অবশ্য বনু নাযীরের খেজুর বাগান ধ্বংস প্রসঙ্গে আল কুরআনে যে আলোচনা করা হয়েছে এবং কিছু হাদীসে কোন কোন জনপদে অতর্কিত আক্রমণ পরিচালনা করে ধ্বংস করার ব্যাপারে যে সব আলোচনা এসেছে, তা ছিলো সামান্য কিছু ব্যতিক্রমী ঘটনা মাত্র। স্থান কাল পাত্র ভেদে ব্যতিক্রমী ঘটনা। আর উপরোক্ত আলোচনা হচ্ছে ইসলামের যুদ্ধনীতির অন্তর্ভূক্ত মূলনীতি সংক্রান্ত অন্যতম একটি নীতি। সব জায়গায় এবং সব যুগেই কিছু ব্যতিক্রমী ঘটনা থাকে। ব্যতিক্রমতো ব্যতিক্রমই, তা কখানো আইনের মর্যাদা লাভ করতে পারে না।

www.pathagar.com

ষোড়শ অধ্যায়

যুদ্ধের ময়দানে নামায

www.pathagar.com

ষোড়শ অধ্যায়

যুদ্ধের ময়দানে নামায

www.pathagar.com

যুদ্ধের ময়দানে নামায

وَاِذَا ضَرَبْتُمْ فِى الْاَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَقْصُرُوْا مِنَ الصَّلٰوةِ (ق) اِنْ خِفْتُمْ اَنْ يَّفْتِنَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا (ط) اِنَّ الْكَافِرِيْنَ كَانُوْا لَكُمْ عَدُوًّا مُّبِيْنًا -

যখন তোমরা সফরে বের হও তখন তোমরা নামাযে কসর করো। এটি তোমাদের জন্য কোন গুণাহর কারণ নয়। যদি তোমরা ভয় করো যে, কাফিররা তোমাদেরকে বিপর্যয়ে ফেলবে। কেননা কাফিররা হচ্ছে তোমাদের প্রকাশ্য শত্রু। (সূরা আন নিসাঃ ১০১)

وَاِذَا كُنْتَ فِيْكُمْ فَاَقَمْتَ لَكُمُ الصَّلٰوةَ فَلْتَقُمْ طَائِفَةٌ مِّنْهُمْ مَّعَكَ وَلْيَأْخُذُوْا اَسْلِحَتَهُمْ (قف) فَاِذَا سَجَدُوْا فَلْيَكُوْنُوْا مِنْ وَّرَائِكُمْ (مـ) وَلْتَأْتِ طَائِفَةٌ اُخْرٰى لَمْ يُصَلُّوْا فَلْيُصَلُّوْا مَعَكَ وَلْيَأْخُذُوْا حِذْرَهُمْ وَاَسْلِحَتَهُمْ (ج) وَدَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ تَغْفُلُوْنَ عَنْ اَسْلِحَتِكُمْ وَاَمْتِعَتِكُمْ فَيَمِيْلُوْنَ عَلَيْكُمْ مَيْلَةً وَّاحِدَةً (ج) وَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِنْ كَانَ بِكُمْ اَذًى مِّنْ مَّطَرٍ اَوْ كُنْتُمْ مَّرْضٰى اَنْ تَضَعُوْا اَسْلِحَتَكُمْ وَخُذُوْا حِذْرَكُمْ (ط) اِنَّ اللّٰهَ اَعَدَّ لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا -

www.pathagar.com

যুদ্ধের ময়দানে নামায

وَاِذَا ضَرَبْتُمْ فِى الْاَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَقْصُرُوْا
مِنَ الصَّلٰوةِ (ق) اِنْ خِفْتُمْ اَنْ يَّفْتِنَكُمُ الَّذِيْنَ كَفَرُوْا (ط) اِنَّ
الْكَافِرِيْنَ كَانُوْا لَكُمْ عَدُوًّا مُّبِيْنًا -

যখন তোমরা সফরে বের হও তখন তোমরা নামাযে কসর করো। এটি তোমাদের জন্য কোন গুণাহর কারণ নয়। যদি তোমরা ভয় করো যে, কাফিররা তোমাদেরকে বিপর্যয়ে ফেলবে। কেননা কাফিররা হচ্ছে তোমাদের প্রকাশ্য শত্রু। (সূরা আন নিসাঃ ১০১)

وَاِذَا كُنْتَ فِيْكُمْ فَاَقَمْتَ لَكُمُ الصَّلٰوةَ فَلْتَقُمْ طَائِفَةٌ مِّنْهُمْ
مَّعَكَ وَلْيَاْخُذُوْا اَسْلِحَتَهُمْ (قف) فَاِذَا سَجَدُوْا فَلْيَكُوْنُوْا مِنْ
وَّرَائِكُمْ (م) وَلْتَاْتِ طَائِفَةٌ اُخْرٰى لَمْ يُصَلُّوْا فَلْيُصَلُّوْا مَعَكَ
وَلْيَاْخُذُوْا حِذْرَهُمْ وَاَسْلِحَتَهُمْ (ج) وَدَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ تَغْفُلُوْنَ
عَنْ اَسْلِحَتِكُمْ وَاَمْتِعَتِكُمْ فَيَمِيْلُوْنَ عَلَيْكُمْ مَّيْلَةً وَّاحِدَةً (ج)
وَلَاجُنَاحَ عَلَيْكُمْ اِنْ كَانَ بِكُمْ اَذًى مِّنْ مَّطَرٍ اَوْ كُنْتُمْ مَّرْضٰى اَنْ
تَضَعُوْا اَسْلِحَتَكُمْ وَخُذُوْا حِذْرَكُمْ (ط) اِنَّ اللّٰهَ اَعَدَّ لِلْكٰفِرِيْنَ
عَذَابًا مُّهِيْنًا -

www.pathagar.com

যখন তুমি তাদের মধ্যে থাকো, অতঃপর নামাযে দাঁড়াও, তখন যেন একদল তোমার সাথে দাঁড়ায় এবং তাদের অস্ত্র সাথে রাখে। তারপর যখন তারা সিজদা শেষ করবে তখন তারা তোমার কাছ থেকে সরে যাবে এবং তাদের স্থানে অন্যদল আসবে যারা নামায পড়েনি। তারাও তাদের অস্ত্রশস্ত্র সাথে রাখবে। কারণ কাফিরগণরা চায় তোমরা কোনরূপ অসতর্ক থাকো, যাতে তারা একযোগে তোমাদেরকে আক্রমণ করতে পারে। যদি বৃষ্টির কারণে তোমাদের কষ্ট হয় কিংবা তোমরা অসুস্থ থাকো তবে স্বীয় অস্ত্র পরিত্যাগ করায় তোমাদের কোন গুণাহ্ নেই। কিন্তু আত্মরক্ষার অস্ত্র তোমাদের সাথে রেখো। অবশ্যই আল্লাহ্ কাফিরদের জন্য অপমানকর শাস্তি প্রস্তুত করে রেখেছেন।

(সূরা আন্ নিসা ঃ ১০৩)

فَإِذَا قَضَيْتُمُ الصَّلٰوةَ فَاذْكُرُوا اللّٰهَ قِيٰمًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِكُمْ (ج) فَإِذَا اطْمَأْنَنْتُمْ فَأَقِيْمُوا الصَّلٰوةَ (ج) إِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا - (النساء -١٠٣)

অতঃপর যখন তোমরা নামায সম্পন্ন করো তখন দাঁড়িয়ে, বসে ও শায়িত অবস্থায় আল্লাহকে স্মরণ করো। আর যখন বিপদমুক্ত হয়ে যাও, তখন নামায ঠিকভাবে আদায় করো। নিশ্চয়ই নামায মুসলমানদের উপর ফরয, নির্দিষ্ট সময়ের মধ্যে। (সূরা আন নিসা ঃ১০৩)

একবার বানু নাযীর গোত্রের কতিপয় লোক নবী করীম (সা) এর নিকট এসে বললোঃ হে আল্লাহ্র রাসূল! আমাদের বেশী সময় সফরে বাইরে থাকতে হয়, তখন আমরা কিভাবে নামায আদায় করবো?-তখন আলোচ্য প্রথম আয়াতটি অবতীর্ণ হয়। যার মধ্যে মুসাফিরের জন্য ফরয নামাযের বিধান বলে দেয়া হয়েছে। তার এক বৎসর পর আসফান যুদ্ধের সময় যুদ্ধকালিন নামাযের

যখন তুমি তাদের মধ্যে থাকো, অতঃপর নামাযে দাঁড়াও, তখন যেন একদল তোমার সাথে দাঁড়ায় এবং তাদের অস্ত্র সাথে রাখে। তারপর যখন তারা সিজদা শেষ করবে তখন তারা তোমার কাছ থেকে সরে যাবে এবং তাদের স্থানে অন্যদল আসবে যারা নামায পড়েনি। তারাও তাদের অস্ত্রশস্ত্র সাথে রাখবে। কারণ কাফিরগণরা চায় তোমরা কোনরূপ অসতর্ক থাকো, যাতে তারা একযোগে তোমাদেরকে আক্রমণ করতে পারে। যদি বৃষ্টির কারণে তোমাদের কষ্ট হয় কিংবা তোমরা অসুস্থ থাকো তবে স্বীয় অস্ত্র পরিত্যাগ করায় তোমাদের কোন গুণাহ্ নেই। কিন্তু আত্মরক্ষার অস্ত্র তোমাদের সাথে রেখো। অবশ্যই আল্লাহ্ কাফিরদের জন্য অপমানকর শাস্তি প্রস্তুত করে রেখেছেন।

(সূরা আন্ নিসা ঃ ১০৩)

فَاِذَا قَضَيْتُمُ الصَّلٰوةَ فَاذْكُرُوا اللّٰهَ قِيٰمًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِكُمْ (ج) فَاِذَا اطْمَاْنَنْتُمْ فَاَقِيْمُوا الصَّلٰوةَ (ج) اِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا - (النساء -١٠٣)

অতঃপর যখন তোমরা নামায সম্পন্ন করো তখন দাঁড়িয়ে, বসে ও শায়িত অবস্থায় আল্লাহকে স্মরণ করো। আর যখন বিপদমুক্ত হয়ে যাও, তখন নামায ঠিকভাবে আদায় করো। নিশ্চয়ই নামায মুসলমানদের উপর ফরয, নির্দিষ্ট সময়ের মধ্যে। (সূরা আন নিসা ঃ১০৩)

একবার বানু নাযীর গোত্রের কতিপয় লোক নবী করীম (সা) এর নিকট এসে বললোঃ হে আল্লাহ্র রাসূল! আমাদের বেশী সময় সফরে বাইরে থাকতে হয়, তখন আমরা কিভাবে নামায আদায় করবো?-তখন আলোচ্য প্রথম আয়াতটি অবতীর্ণ হয়। যার মধ্যে মুসাফিরের জন্য ফরয নামাযের বিধান বলে দেয়া হয়েছে। তার এক বৎসর পর আসফান যুদ্ধের সময় যুদ্ধকালিন নামাযের

www.pathagar.com

বিধান অবতীর্ণ হয়। আসফান যুদ্ধ সংঘটিত হয়েছিলো খন্দক বা আহযাব যুদ্ধের (৫ম হিজরীর) পর।

আসফান যুদ্ধের সময় নবী করীম (সা) যোহরের নামায সমস্ত সাহাবাদেরকে নিয়ে স্বাভাবিক নিয়মে আদায় করলেন। এ ঘটনা কাফিরগণ দেখলেও তারা কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেলো। কিন্তু মুসলমানদের নামায শেষ হয়ে যাওয়ার পর তারা আফসোস করতে লাগলো যে, মুসলমানগণ সকলে নামাযরত থাকা অবস্থায় কেন একযোগে আক্রমণ চালানো হলো না। তাহলে মুসলমানগণ ধরাশায়ী হয়ে যেতো। সে যুদ্ধের সেনাপতি ছিলেন হযরত খালিদ বিন ওয়ালিদ অবশ্য তখনও তিনি মুসলমান হননি। তখন তারা সিদ্ধান্ত নিলো, ঠিক আছে পরবর্তী নামাযের সময় তাদেরকে আক্রমণ করা হবে। তারাতো আর নামায বাদ দেবেনা, কারণ নামায তাদের সম্পদ ও সন্তানের চেয়েও প্রিয়। অতঃপর যোহর ও আসরের মাঝামাঝি সময় যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণ হয়। (তিরমিযি)। অবশ্য কিছু কিছু বর্ণনায় যাতুর রিকা যুদ্ধে যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণের কথা বলা হয়েছে। আবার কিছু বর্ণনায় আছে আহযাব যুদ্ধের পূর্বেই যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণ হয়েছে। তবে প্রথম বক্তব্যের সাথেই অধিকাংশ মুহাদ্দিস ও ঐতিহাসিকগণ একমত হয়েছেন।

যুদ্ধকালিন নামায নবী করীম (সা) বিভিন্ন সময় বিভিন্ন পদ্ধতিতে আদায় করেছেন। যুদ্ধের ময়দানের অবস্থা বুঝে যে পদ্ধতি সহজ হয় সে পদ্ধতি অবলম্বন করে নামায আদায় করে নিলেই হবে। নিচে সংক্ষেপে কয়েকটি পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হলো।

প্রথম পদ্ধতি ঃ একদল ইমামের পেছনে এক রাকায়াত নামায আদায় করে অস্ত্র নিয়ে শত্রুর মুকাবেলা করবে এবং অপর দল এসে দ্বিতীয় রাকায়াতে ইমামের সাথে মিলিত হবে। তারা এক রাকায়াত পড়ে চলে যাবে। শুধুমাত্র ইমাম সাহেবের দু রাকায়াত পুরো হবে।

www.pathagar.com

বিধান অবতীর্ণ হয়। আসফান যুদ্ধ সংঘটিত হয়েছিলো খন্দক বা আহযাব যুদ্ধের (৫ম হিজরীর) পর।

আসফান যুদ্ধের সময় নবী করীম (সা) যোহরের নামায সমস্ত সাহাবাদেরকে নিয়ে স্বাভাবিক নিয়মে আদায় করলেন। এ ঘটনা কাফিরগণ দেখলেও তারা কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেলো। কিন্তু মুসলমানদের নামায শেষ হয়ে যাওয়ার পর তারা আফসোস করতে লাগলো যে, মুসলমানগণ সকলে নামাযরত থাকা অবস্থায় কেন একযোগে আক্রমণ চালানো হলো না। তাহলে মুসলমানগণ ধরাশায়ী হয়ে যেতো। সে যুদ্ধের সেনাপতি ছিলেন হযরত খালিদ বিন ওয়ালিদ অবশ্য তখনও তিনি মুসলমান হননি। তখন তারা সিদ্ধান্ত নিলো, ঠিক আছে পরবর্তী নামাযের সময় তাদেরকে আক্রমণ করা হবে। তারাতো আর নামায বাদ দেবেনা, কারণ নামায তাদের সম্পদ ও সন্তানের চেয়েও প্রিয়। অতঃপর যোহর ও আসরের মাঝামাঝি সময় যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণ হয়। (তিরমিযি)। অবশ্য কিছু কিছু বর্ণনায় যাতুর রিকা যুদ্ধে যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণের কথা বলা হয়েছে। আবার কিছু বর্ণনায় আছে আহযাব যুদ্ধের পূর্বেই যুদ্ধকালিন নামাযের বিধান অবতীর্ণ হয়েছে। তবে প্রথম বক্তব্যের সাথেই অধিকাংশ মুহাদ্দিস ও ঐতিহাসিকগণ একমত হয়েছেন।

যুদ্ধকালিন নামায নবী করীম (সা) বিভিন্ন সময় বিভিন্ন পদ্ধতিতে আদায় করেছেন। যুদ্ধের ময়দানের অবস্থা বুঝে যে পদ্ধতি সহজ হয় সে পদ্ধতি অবলম্বন করে নামায আদায় করে নিলেই হবে। নিচে সংক্ষেপে কয়েকটি পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হলো।

প্রথম পদ্ধতি ঃ একদল ইমামের পেছনে এক রাকায়াত নামায আদায় করে অস্ত্র নিয়ে শত্রুর মুকাবেলা করবে এবং অপর দল এসে দ্বিতীয় রাকায়াতে ইমামের সাথে মিলিত হবে। তারা এক রাকায়াত পড়ে চলে যাবে। শুধুমাত্র ইমাম সাহেবের দু রাকায়াত পুরো হবে।

www.pathagar.com

এ পদ্ধতি ইবনে আব্বাস (রা), জাবির (রা) ও ইকরামা (রা) বর্ণনা করেছেন।

দ্বিতীয় পদ্ধতি ঃ একদল ইমামের পেছনে এক রাকায়াত পড়ে শত্রুর মুকাবেলায় চলে যাবে। দ্বিতীয় দল এসে ইমামের পেছনে দ্বিতীয় রাকায়াতে শরীক হবে। তারাও ইমামের পেছনে এক রাকায়াত পড়ে চলে যাবে। অতঃপর দু'দল থেকেই সুবিধা মতো একাকী এক রাকায়াত পড়ে দু' রাকায়াত পুরো করে নেবে। (এটি হানাফীদের অনুসরণীয় পদ্ধতি)

তৃতীয় পদ্ধতি ঃ প্রথমে একদল ইমামের পেছনে দাঁড়িয়ে দু'রাকায়াত নামায আদায় করবে। ইমাম তাশাহুদ পড়ে উঠে দাঁড়াবেন, কিন্তু প্রথম দল নিজেরা সালাম ফিরিয়ে চলে যাবে। তারপর অপর দল এসে ইমামের পেছনে দু'রাকায়াত নামায আদায় করে ইমামের সাথে সালাম ফেরাবে। তাহলে প্রত্যক দলে নামায দু'রাকায়াত করে হবে এবং ইমাম সাহেবের নামায হবে চার রাকায়াত।

(এ পদ্ধতি হাসান বসরী ও আবু বাকরা থেকে বর্ণিত)

চতুর্থ পদ্ধতি ঃ সেনাবাহিনীর এক অংশ ইমামের পেছনে দাঁড়িয়ে এক রাকায়াত আদায় করবে এবং অবশিষ্ট এক রাকায়াত একাকী আদায় করে মোট দু'রাকায়াত পূর্ণ করে সালাম ফিরিয়ে চলে যাবে। ইমাম সাহেব দ্বিতীয় রাকায়াতে দাঁড়িয়ে থাকবেন। অপর দল এসে ইমামের পেছনে এক রাকায়াত নামায পড়বে। ইমাম দু'রাকাত পূর্ণ করে সালাম ফেরাবেন কিন্তু দ্বিতীয় দল নিজেরা বাকী এক রাকায়াত পড়ে দু'রাকাত পূর্ণ করবে। এ পদ্ধতিতে ইমামকে দ্বিতীয় রাকায়াতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতে হবে।

(ইমাম মালেক ও ইমাম শাফিঈ'র পছন্দনীয় পদ্ধতি এটি)

যুদ্ধের তীব্রতার কারণে উপরোক্ত পদ্ধতিতে নামায় আদায়েও যদি সমস্যার সৃষ্টি হয় তবে ইমাম আবু হানিফার মতে নামায মুলতবী রেখে পরে পড়লেও চলবে। কিন্তু ইমাম মালেক ও সুফিয়ান সাওরী বলেন ঃ যদি রুকু সিজদা করা

www.pathagar.com

এ পদ্ধতি ইবনে আব্বাস (রা), জাবির (রা) ও ইকরামা (রা) বর্ণনা করেছেন।

দ্বিতীয় পদ্ধতি ঃ একদল ইমামের পেছনে এক রাকায়াত পড়ে শত্রুর মুকাবেলায় চলে যাবে। দ্বিতীয় দল এসে ইমামের পেছনে দ্বিতীয় রাকায়াতে শরীক হবে। তারাও ইমামের পেছনে এক রাকায়াত পড়ে চলে যাবে। অতঃপর দু'দল থেকেই সুবিধা মতো একাকী এক রাকায়াত পড়ে দু' রাকায়াত পুরো করে নেবে। (এটি হানাফীদের অনুসরণীয় পদ্ধতি)

তৃতীয় পদ্ধতি ঃ প্রথমে একদল ইমামের পেছনে দাঁড়িয়ে দু'রাকায়াত নামায আদায় করবে। ইমাম তাশাহুদ পড়ে উঠে দাঁড়াবেন, কিন্তু প্রথম দল নিজেরা সালাম ফিরিয়ে চলে যাবে। তারপর অপর দল এসে ইমামের পেছনে দু'রাকায়াত নামায আদায় করে ইমামের সাথে সালাম ফেরাবে। তাহলে প্রত্যক দলে নামায দু'রাকায়াত করে হবে এবং ইমাম সাহেবের নামায হবে চার রাকায়াত।

(এ পদ্ধতি হাসান বসরী ও আবু বাকরা থেকে বর্ণিত)

চতুর্থ পদ্ধতি ঃ সেনাবাহিনীর এক অংশ ইমামের পেছনে দাঁড়িয়ে এক রাকায়াত আদায় করবে এবং অবশিষ্ট এক রাকায়াত একাকী আদায় করে মোট দু'রাকায়াত পূর্ণ করে সালাম ফিরিয়ে চলে যাবে। ইমাম সাহেব দ্বিতীয় রাকায়াতে দাঁড়িয়ে থাকবেন। অপর দল এসে ইমামের পেছনে এক রাকায়াত নামায পড়বে। ইমাম দু'রাকাত পূর্ণ করে সালাম ফেরাবেন কিন্তু দ্বিতীয় দল নিজেরা বাকী এক রাকায়াত পড়ে দু'রাকাত পূর্ণ করবে। এ পদ্ধতিতে ইমামকে দ্বিতীয় রাকায়াতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতে হবে।

(ইমাম মালেক ও ইমাম শাফিঈ'র পছন্দনীয় পদ্ধতি এটি)

যুদ্ধের তীব্রতার কারণে উপরোক্ত পদ্ধতিতে নামায় আদায়েও যদি সমস্যার সৃষ্টি হয় তবে ইমাম আবু হানিফার মতে নামায মুলতবী রেখে পরে পড়লেও চলবে। কিন্তু ইমাম মালেক ও সুফিয়ান সাওরী বলেন ঃ যদি রুকু সিজদা করা

www.pathagar.com

সম্ভবপর না হয় তবে ইশারায় আদায় করলেই হবে। ইমাম শাফিঈ'র মতে এমতাবস্থায় নামাযে কমবেশী করা যাবে। বস্তুতঃ যুদ্ধাবস্থায় যে কোন ভাবেই হোক নামায আদায় করে নিলেই হবে। যদি জামায়াতের সুযোগ থাকে তবে জামায়াতের সাথে আদায় করতে হবে অন্যথায় একাকী আদায় করে নিতে হবে। প্রয়োজনে নামাযরত অবস্থায় হাঁটা চলাও করা যাবে। নবী করীম (সা) খন্দক যুদ্ধের সময় চার রাকায়াত নামায কাযা করেছেন এবং পরে তা আদায় করে দিয়েছেন। সত্যি কথা বলতে কি, যুদ্ধের ময়দানে অবস্থার প্রেক্ষাপটে ব্যবস্থা নিতে হবে। আল্লাহ্তো শুধু মানুষের চেষ্টা ও মনের অবস্থাই দেখে থাকেন।

www.pathagar.com

সম্ভবপর না হয় তবে ইশারায় আদায় করলেই হবে। ইমাম শাফিঈ'র মতে এমতাবস্থায় নামাযে কমবেশী করা যাবে। বস্তুতঃ যুদ্ধাবস্থায় যে কোন ভাবেই হোক নামায আদায় করে নিলেই হবে। যদি জামায়াতের সুযোগ থাকে তবে জামায়াতের সাথে আদায় করতে হবে অন্যথায় একাকী আদায় করে নিতে হবে। প্রয়োজনে নামাযরত অবস্থায় হাঁটা চলাও করা যাবে। নবী করীম (সা) খন্দক যুদ্ধের সময় চার রাকায়াত নামায কাযা করেছেন এবং পরে তা আদায় করে দিয়েছেন। সত্যি কথা বলতে কি, যুদ্ধের ময়দানে অবস্থার প্রেক্ষাপটে ব্যবস্থা নিতে হবে। আল্লাহ্তো শুধু মানুষের চেষ্টা ও মনের অবস্থাই দেখে থাকেন।

www.pathagar.com

সপ্তদশ অধ্যায়

সীমান্ত পাহারা

- এক রাত সীমান্ত পাহারা দেয়া সারা পৃথিবীর সমোদয় বস্তু থেকে উত্তম
- এক রাতের পাহারা হাজার রাতের ইবাদাতের চেয়েও উত্তম
- পাহারাদার চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবেনা
- সীমান্ত পাহারা দেয়ার অবিচ্ছিন্ন সওয়াব

www.pathagar.com

সপ্তদশ অধ্যায়

সীমান্ত পাহারা

- ০ এক রাত সীমান্ত পাহারা দেয়া সারা পৃথিবীর সমোদয় বস্তু থেকে উত্তম
- ০ এক রাতের পাহারা হাজার রাতের ইবাদাতের চেয়েও উত্তম
- ০ পাহারাদার চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবেনা
- ০ সীমান্ত পাহারা দেয়ার অবিচ্ছিন্ন সওয়াব

www.pathagar.com

সীমান্ত পাহারা

রাষ্ট্রের সীমান্তকে ইসলামী পরিভাষায় রিবাত বলা হয়। সীমান্ত পাহারা বা রিবাতকে এতো গুরুত্ব দেয়ার কারণ হচ্ছে, ইসলামের দুশমনগণ যদি সশস্ত্র অবস্থায় আক্রমণ করে তবে সীমান্ত এলাকা দিয়েই সর্বপ্রথম আক্রমণ চালাবে। তাই সীমান্ত এলাকাকে একটি অপ্রতিরোধ্য ঘাটিতে রূপান্তর করাই হচ্ছে ইসলামী হুকুমতের অন্যতম কর্তব্য। আল্লাহ্র পথে জিহাদকারীকে ইসলামী পরিভাষায় 'মুজাহিদ' বলা হয় এবং যারা সীমান্ত পাহারা দেয় তাদেরকে বলা হয় 'মুরাবিত"। আল্লাহ্র পথে জিহাদকারী ব্যক্তির যে মর্যাদা, সীমান্ত পাহারার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গেরও একই মর্যাদা।

ফিকাহ্র কিতাবসমূহে বলা হয়েছে—যে জায়গা একবার শত্রু কর্তৃক আক্রান্ত হয়েছে তা ৪০ বৎসর পর্যন্ত পাহারা দেয়া রিবাতের অন্তর্ভূক্ত। আর যদি কোন জায়গা পর পর দু'বার আক্রান্ত হয় তবে ১০০ বৎসর পর্যন্ত তা পাহারা দিয়ে হেফাজতে রাখা রিবাতের অন্তর্ভূক্ত। আর যদি কোথাও তিনবার আক্রমণ করা হয় তবে তা আজীবন রিবাত বলে গণ্য হবে। চাই তা সীমান্ত এলাকা হোক কিংবা দেশের অভ্যন্তরের কোন এলাকা হোক না কেন।

এক রাত পাহারা দেয়া পৃথিবীর সমোদয় বস্তু থেকে উত্তম

عَنْ سَهْلٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : رِبَاطُ يَوْمٍ فِيْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا -

হযরত সাহ্ল (রা) থেকে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন ঃ আল্লাহ্র পথে এক দিন (বা রাত) সীমান্ত পাহারা দেয়া গোটা পৃথিবী এবং তার সমোদয় বস্তু থেকে উত্তম। (বুখারী, তিরমিযি)

www.pathagar.com

সীমান্ত পাহারা

রাষ্ট্রের সীমান্তকে ইসলামী পরিভাষায় রিবাত বলা হয়। সীমান্ত পাহারা বা রিবাতকে এতো গুরুত্ব দেয়ার কারণ হচ্ছে, ইসলামের দুশমনগণ যদি সশস্ত্র অবস্থায় আক্রমণ করে তবে সীমান্ত এলাকা দিয়েই সর্বপ্রথম আক্রমণ চালাবে। তাই সীমান্ত এলাকাকে একটি অপ্রতিরোধ্য ঘাটিতে রূপান্তর করাই হচ্ছে ইসলামী হুকুমতের অন্যতম কর্তব্য। আল্লাহ্র পথে জিহাদকারীকে ইসলামী পরিভাষায় 'মুজাহিদ' বলা হয় এবং যারা সীমান্ত পাহারা দেয় তাদেরকে বলা হয় 'মুরাবিত"। আল্লাহ্র পথে জিহাদকারী ব্যক্তির যে মর্যাদা, সীমান্ত পাহারার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গেরও একই মর্যাদা।

ফিকাহ্র কিতাবসমূহে বলা হয়েছে—যে জায়গা একবার শত্রু কর্তৃক আক্রান্ত হয়েছে তা ৪০ বৎসর পর্যন্ত পাহারা দেয়া রিবাতের অন্তর্ভূক্ত। আর যদি কোন জায়গা পর পর দু'বার আক্রান্ত হয় তবে ১০০ বৎসর পর্যন্ত তা পাহারা দিয়ে হেফাজতে রাখা রিবাতের অন্তর্ভূক্ত। আর যদি কোথাও তিনবার আক্রমণ করা হয় তবে তা আজীবন রিবাত বলে গণ্য হবে। চাই তা সীমান্ত এলাকা হোক কিংবা দেশের অভ্যন্তরের কোন এলাকা হোক না কেন।

এক রাত পাহারা দেয়া পৃথিবীর সমোদয় বস্তু থেকে উত্তম

عَنْ سَهْلٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : رِبَاطُ يَوْمٍ فِىْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا -

হযরত সাহ্ল (রা) থেকে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন ঃ আল্লাহ্র পথে এক দিন (বা রাত) সীমান্ত পাহারা দেয়া গোটা পৃথিবী এবং তার সমোদয় বস্তু থেকে উত্তম। (বুখারী, তিরমিযি)

www.pathagar.com

এক রাতের পাহারা হাজার রাতের ইবাদাতের চেয়েও উত্তম

عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ الزُّبَيْرِ قَالَ قَالَ عُثْمَانُ بْنُ عَفَّانٍ وَهُوَ يَخْطُبُ عَلٰى مِنْبَرِهِ اِنِّىْ مُحَدِّثُكُمْ حَدِيْثًا سَمِعْتُهُ مِنْ رَّسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاكَانَ يَمْنَعُنِىْ اِلَّا الضَّنُّ عَلَيْكُمْ وَاِنِّىْ سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ : حَرَسُ لَيْلَةٍ فِىْ سَبِيْلِ اللّٰهِ تَعَالٰى اَفْضَلُ مِنْ اَلْفِ لَيْلَةٍ يُقَامُ لَيْلُهَا وَيُصَامُ نَهَارُهَا-

হযরত আবদুল্লাহ্ বিন যুবাইর (রা) থেকে বর্ণিত, হযরত উসমান বিন আফফান একবার মসজিদের মিম্বরে দাঁড়িয়ে খুতবা (ভাষণ) দিচ্ছেলেন। এক পর্যায়ে বললেন ঃ হে লোক সকল! আমি তোমাদেরকে একটি হাদীস বর্ণনা করে শুনাবো যা আমি তার থেকে শুনেছি। (আমি তোমাদেরকে শোনানোর লোভ সম্বোরণ করতে পারছিনা)। নবী করীম (সা) বলেছেন ঃ আল্লাহ্র পথে একরাত পাহারা দেয়া এ রকম হাজার রাত থেকে উত্তম, যা দিনে রোযা এবং রাতে নামাযের মাধ্যমে অতিবাহিত করা হয়। (তিরমিযি, ইবনে মাজা, আহমদ, তাবারানী)

পাহারাদার চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবেনা

عَنْ اِبْنِ عَبَّاسٍ عَنِ النَّبِىِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : عَيْنَانِ لَاتَمَسُّهُمَا النَّارُ - عَيْنٌ بَكَتْ مِنْ خَشْيَةِ اللّٰهِ وَعَيْنٌ بَاتَتْ تَحْرُسُ فِىْ سَبِيْلِ اللّٰهِ -

হযরত ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন ঃ দু

www.pathagar.com

এক রাতের পাহারা হাজার রাতের ইবাদাতের চেয়েও উত্তম

عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ الزُّبَيْرِ قَالَ قَالَ عُثْمَانُ بْنُ عَفَّانٍ وَهُوَ يَخْطُبُ عَلٰى مِنْبَرِهِ اِنِّىْ مُحَدِّثُكُمْ حَدِيْثًا سَمِعْتُهُ مِنْ رَّسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاكَانَ يَمْنَعُنِىْ اِلَّا الضَّنُّ عَلَيْكُمْ وَاِنِّىْ سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ : حَرَسُ لَيْلَةٍ فِىْ سَبِيْلِ اللّٰهِ تَعَالٰى اَفْضَلُ مِنْ اَلْفِ لَيْلَةٍ يُقَامُ لَيْلُهَا وَيُصَامُ نَهَارُهَا-

হযরত আবদুল্লাহ্ বিন যুবাইর (রা) থেকে বর্ণিত, হযরত উসমান বিন আফফান একবার মসজিদের মিম্বরে দাঁড়িয়ে খুতবা (ভাষণ) দিচ্ছেলেন। এক পর্যায়ে বললেন ঃ হে লোক সকল! আমি তোমাদেরকে একটি হাদীস বর্ণনা করে শুনাবো যা আমি তার থেকে শুনেছি। (আমি তোমাদেরকে শোনানোর লোভ সম্বোরণ করতে পারছিনা)। নবী করীম (সা) বলেছেন ঃ আল্লাহ্র পথে একরাত পাহারা দেয়া এ রকম হাজার রাত থেকে উত্তম, যা দিনে রোযা এবং রাতে নামাযের মাধ্যমে অতিবাহিত করা হয়। (তিরমিযি, ইবনে মাজা, আহমদ, তাবারানী)

পাহারাদার চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করবেনা

عَنْ اِبْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : عَيْنَانِ لَاتَمَسُّهُمَا النَّارُ - عَيْنٌ بَكَتْ مِنْ خَشْيَةِ اللّٰهِ وَعَيْنٌ بَاتَتْ تَحْرُسُ فِىْ سَبِيْلِ اللّٰهِ -

হযরত ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত, নবী করীম (সা) বলেছেন ঃ দু

www.pathagar.com

ধরনের চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করতে পারবেনা। একটি ঐ চোখ যা আল্লাহ্‌র ভয়ে অশ্রু বিসর্জন দেয়। অপরটি ঐ চোখ যা আল্লাহ্‌র পথে বিনিদ্র পাহারা দেয়। (তিরমিযি,নাসাঈ)

সীমান্ত পাহারা দেয়ার সওয়াব

عَنِ ابْنِ اَبِىْ زَكَرِيَّا الْخُزَاعِىِّ عَنْ سُلَيْمَانَ الْخَيْرِ اَنَّهُ سَمِعَهُ وَهُوَ يُحَدِّثُ شُرَحْبِيْلَ بْنَ السَّمْطِ - وَهُوَ مُرَابِطٌ عَلَى السَّاحِلِ يَقُوْلُ : سَمِعْتُ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ : مَنْ رَابَطَ يَوْمًا اَوْ لَيْلَةً كَانَ لَهُ كَصِيَامِ شَهْرٍ لِلْقَاعِدِ ٠ وَمَنْ مَاتَ مُرَابِطًا فِىْ سَبِيْلِ اللّٰهِ اَجْرَى اللّٰهُ لَهُ اَجْرَ الَّذِىْ كَانَ يَعْمَلُ اَجْرَ صَلَاتِهٖ وَصِيَامِهٖ وَنَفَقَتِهٖ وَوُقِىَ مِنْ فَتَّانِ الْقَبْرِ - وَاَمِنَ مِنَ الْفَزَعِ الْاَكْبَرِ -

আবু জাকারিয়ার পুত্র সুলাইমান আল খাইরি বর্ণনা করেছেন, তিনি সুরাহ্‌বিল বিন সামত্‌কে বলতে শুনেছেন (তিনি সামুদ্রিক এলাকার সীমান্ত পাহারায় নিয়োজিত ছিলেন) নবী করীম (সা) বলেছেন ঃ যে ব্যক্তি একদিন কিংবা একরাত আল্লাহ্‌র পথে পাহারা দেবে আর যে দেবেনা তার একমাসের নামায রোযার সমপরিমাণ সওয়াব সে পাবে। আর যদি পাহারা দিতে গিয়ে মৃত্যুবরণ করে তবে অনবরত নামায, রোযা, ও দান সাদকার সওয়াব অবিচ্ছিন্নভাবে তার আমলনামায় লিখা হবে। কবরের ফিতনা থেকে আল্লাহ্‌ তাকে হেফাজতে রাখবেন এবং কিয়ামেতর বিভীষিকা থেকে তাকে রক্ষা করবেন। (মুসনাদে আহমদ)

সমাপ্ত

www.pathagar.com

ধরনের চোখকে জাহান্নামের আগুন স্পর্শ করতে পারবেনা। একটি ঐ চোখ যা আল্লাহ্‌র ভয়ে অশ্রু বিসর্জন দেয়। অপরটি ঐ চোখ যা আল্লাহ্‌র পথে বিনিদ্র পাহারা দেয়। (তিরমিযি,নাসাঈ)

সীমান্ত পাহারা দেয়ার সওয়াব

عَنِ ابْنِ اَبِىْ زَكَرِيَّا الْخُزَاعِىِّ عَنْ سُلَيْمَانَ الْخَيْرِ اَنَّهُ سَمِعَهُ وَهُوَ يُحَدِّثُ شُرَحْبِيْلَ بْنَ السَّمْطِ - وَهُوَ مُرَابِطٌ عَلَى السَّاحِلِ يَقُوْلُ: سَمِعْتُ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ: مَنْ رَابَطَ يَوْمًا اَوْ لَيْلَةً كَانَ لَهُ كَصِيَامِ شَهْرٍ لِلْقَاعِدِ . وَمَنْ مَاتَ مُرَابِطًا فِىْ سَبِيْلِ اللّٰهِ اَجْرَى اللّٰهُ لَهُ اَجْرَ الَّذِىْ كَانَ يَعْمَلُ اَجْرَ صَلَاتِهِ وَصِيَامِهِ وَنَفَقَتِهِ وَوُقِىَ مِنْ فَتَّانِ الْقَبْرِ - وَاَمِنَ مِنَ الْفَزَعِ الْاَكْبَرِ -

আবু জাকারিয়ার পুত্র সুলাইমান আল খাইরি বর্ণনা করেছেন, তিনি সুরাহ্‌বিল বিন সামত্‌কে বলতে শুনেছেন (তিনি সামদ্রিক এলাকার সীমান্ত পাহারায় নিয়োজিত ছিলেন) নবী করীম (সা) বলেছেন ঃ যে ব্যক্তি একদিন কিংবা একরাত আল্লাহ্‌র পথে পাহারা দেবে আর যে দেবেনা তার একমাসের নামায রোযার সমপরিমাণ সওয়াব সে পাবে। আর যদি পাহারা দিতে গিয়ে মৃত্যুবরণ করে তবে অনবরত নামায, রোযা, ও দান সাদকার সওয়াব অবিচ্ছিন্নভাবে তার আমলনামায় লিখা হবে। কবরের ফিতনা থেকে আল্লাহ্‌ তাকে হেফাজতে রাখবেন এবং কিয়ামেতর বিভীষিকা থেকে তাকে রক্ষা করবেন। (মুসনাদে আহমদ)

সমাপ্ত

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

www.pathagar.com

আলহেরা প্রকাশনী
২/৩ প্যায়ারী দাস রোড, ঢাকা